বাংলা

# বালভারতী

## প্রথম শ্রেণী



- **Tele-MANAS Program**

**Tele-MANAS (Tele Mental Health Assistance and Networking Across States) (14416/ 1800-89-14416)**

Under the National Mental Health Program, the centrally sponsored scheme ‘Tele-MANAS’ is being implemented in the state of Maharashtra from October 2022. Under the Tele-MANAS Program, free 24 × 7 integrated and comprehensive mental health services are provided through the helpline number 14416. This includes treatment and counselling by experts for various mental problems. The information provided by you after calling the Tele-MANAS helpline remains completely confidential, so students, parents and teachers should feel free to call the helpline number and tell them about their problems and doubts and get guidance on it. Tell others to take help from this facility as well.

Tele-MANAS app has been launched by the Central Government and is also available in Marathi language. This app provides complete information about mental health. Tele-MANAS app is available free of cost.

প্রস্তুত পাঠ্যপুস্তকটি রাজ্য শিক্ষাগত গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ, মহারাষ্ট্র, পুণে কর্তৃক পাঠ্যক্রম অনুসারে প্রস্তুত করা হয়েছে এবং তাদের দ্বারাই পাঠ্যপুস্তকটি পর্যালোচনা করা হয়েছে। শাসন নির্ণয় ক্রমাঙ্ক : অভ্যাস - ২১১৬/(প্র.ক্র.৪৩/১৬) এসডী-৪ তারিখ-২৫.০৪.২০১৬ অনুযায়ী স্থাপিত করা সমন্বয় সমিতির তারিখ ১৬.০৪.২০২৫ -এর সভায় এই পাঠ্যপুস্তক নির্ধারিত করার জন্য মান্যতা দেওয়া হয়েছে।

## বাংলা

# বালভারতী

## প্রথম শ্রেণী



মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে-৪১১০০৪

চৌখাটে দেওয়া Q.R.Code টি স্মার্টফোন দ্বারা স্ক্যান করলে তোমার কাছে ডিজিটাল পাঠ্যপুস্তক এবং পাঠ্যপুস্তকে দেওয়া উপাদানগুলির সাথে সম্পর্কিত দৃশ্য ও শ্রাব্য-দৃশ্য শিক্ষণ সামগ্রীও উপলব্ধ হবে।

First Edition : 2025
Reprint : 2026

© মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে-৪১১০০৪
এই বইয়ের সর্ব অধিকার মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডলের অধীনে সুরক্ষিত আছে। এই পাঠ্যপুস্তকের কোনো ভাগ সঞ্চালক, মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডলের লিখিত অনুমতি ছাড়া উদ্ধৃতি করা যাবে না।

**বাংলা ভাষা সংযোজক**
**ডা. অলকা পোতদার**
বিশেষাধিকারী হিন্দী ভাষা (করার পদ্ধতি)
পাঠ্যপুস্তক মণ্ডল, পুণে

**বাংলা ভাষা সমিতি**
শ্রী অমরেন্দ্রনাথ বিশ্বম্বর শিকদার, অধ্যক্ষ
শ্রী তপন পঞ্চানন সরকার, সদস্য
শ্রী শঙ্কর অমূল্য মণ্ডল, সদস্য
শ্রী মহিতোষ কালাচাঁদ মণ্ডল, সদস্য
শ্রী শ্যামল সৌরভ বিশ্বাস, সদস্য
শ্রী নারায়ণ দেবেন্দ্র মল্লিক, সদস্য
শ্রী সুজয় জগদীশ বাছাড়, সদস্য
শ্রীমতী শিখারাণী শ্রীনিবাস বারই, সদস্য
শ্রী নিথিন বিনয়ভূষণ হালদার, সদস্য
শ্রী তাপসরঞ্জন অসিত দাস, সদস্য
শ্রী পরিমল কৃষ্ণকান্ত মণ্ডল, সদস্য
শ্রী জনক গোপাল সরকার
শ্রী নিত্যানন্দ রঞ্জন বালা, সদস্য
শ্রী অজয় কার্তিক সরকার, সদস্য
শ্রীমতী সুনিতা বিধান বৈদ্য, সদস্য

মুখপৃষ্ঠ : শ্রী ভটু বাগলে
চিত্রাঙ্কন : শ্রী রাজেন্দ্র গিরধারী
শ্রী বিবেকানন্দ পাটীল
শ্রীমতী শিল্পা দীক্ষিত
নির্মিতী : **শ্রীমতী মিতালী ম. শিতপ**
প্র. মুখ্য নির্মিতি অধিকারী
**শ্রী রাজেন্দ্র পাণ্ডলোস্কর**
নির্মিতি অধিকারী
অক্ষরাঙ্কন- : সমর্থ গ্রাফিক্স্
ডিজাইনিঙ্গ ৫২২, নারায়ণ পেঠ, পুণে
কাগজ : ৭০ জী.এস.এম. ক্রিমবোভ
মুদ্রণাদেশ :
মুদ্রক :
প্রকাশক : **শ্রী সচিন মেহতা,**
**প্র. নিয়ন্ত্রক**
পাঠ্যপুস্তক নির্মিতী মণ্ডল,
প্রভাদেবী, মুম্বাই-২৫

## প্রস্তাবনা

**প্রিয় শিক্ষার্থী বন্ধুরা,**

তোমরা এবছর প্রথম শ্রেণীতে ভর্তি হয়েছো। তোমাদের সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগতম! তোমাদের হাতে প্রথম শ্রেণীর প্রথম ভাষা বাংলা বালভারতী পাঠ্যপুস্তকটি তুলে দিতে পেরে আমরা খুবই আনন্দিত।

এই পাঠ্যপুস্তকটি জাতীয় শিক্ষানীতি - ২০২০ প্রণীত বুনিয়াদি শিক্ষণ পাঠ্যক্রম ২০২৪ কে লক্ষ্য করে প্রস্তুত করা হয়েছে, যা তোমাদের শেখার জন্য খুবই উপযোগী হবে। প্রথম শ্রেণীতে আসার আগে তোমরা বালবাটিতে ভাষা শেখার কিছু অভিজ্ঞতা অর্জন করেছো। ছড়া, কবিতা, গল্প, চিত্র-বর্ণন এবং ছবি দেখে বাংলা ভাষার সাথে পরিচিত হয়েছো। এবারও তোমরা পাঠ্যপুস্তকটির মাধ্যমে ছবি, গান, গল্প, ধাঁ-ধাঁ, ছবি কথা, ভাষার খেলা, কারু শিল্প, নাটক, বর্ণমালা, স্বরচিহ্ন ও ভাষাগত কর্মের মাধ্যমে শিখতে পারবে। এই পাঠ্যপুস্তকটি তোমাদের বাংলা ভাষার ভিত মজবুত করতে সাহায্য করবে, যাতে তোমরা সহজে পড়তে, লিখতে ও বলতে পারবে। শেখার আনন্দ বাড়াতে পাঠ্যপুস্তকটিতে নানা ধরণের অভিব্যক্তিমূলক ও আকর্ষণীয় বিষয় বস্তু যোগ করা হয়েছে।

এই পাঠ্যপুস্তকটিতে কিছু গানের অন্তর্ভুক্ত করা হয়েছে, যা তোমরা আনন্দের সাথে গাইতে ও অভিনয় করতে পারবে। পাঠ্যপুস্তকটিতে অন্তর্ভুক্ত গল্প ও ছবি তোমাদের শেখার অভিজ্ঞতা আরও আনন্দদায়ক করে তুলবে। ছবিসহ সমষ্টিগত পঠন, ছবিকথা এগুলি তোমাদের সাহায্য করবে। ছবির মাধ্যমে শব্দ ও বর্ণ চেনার পাশাপাশি শব্দগঠন ও বাক্য লেখা শিখবে। ভাষা শিক্ষণ আরও আনন্দদায়ী করতে পাঠ্যপুস্তকটিতে বিভিন্ন শব্দখেলাও দেওয়া হয়েছে।

পাঠ্যপুস্তকটিতে যেভাবে বর্ণমালা এবং মুখর পঠনের গঠন করা হয়েছে, তার মাধ্যমে তোমরা ধীরে - ধীরে বর্ণমালা ও স্বরচিহ্ন চিনতে সক্ষম হবে, মুখর পঠনও করতে পারবে। বর্ণমালা শিক্ষণের ধাপে, ছবি দেখে শব্দ চেনা, শব্দের সমান অক্ষর চেনা, বর্ণমালা ও স্বরচিহ্নের পরিচয় পেলে তোমরা ছোট-ছোট শব্দ ও বাক্য লিখতে পারবে। ভাষা শিখতে হবে কিন্তু অনুশীলন ও খেলার মাধ্যমে, তার জন্য শব্দের অনেক খেলাও দেওয়া হয়েছে।

পাঠ্যপুস্তকটিতে অন্তর্ভুক্ত সমস্ত বিষয় বস্তুর মাধ্যমে তোমাদের ভাষাগত দক্ষতা সর্বাধিক স্তরে বৃদ্ধি পাবে, এটাই আশা রাখি। এই পাঠ্যপুস্তকটির সাহায্যে বছরের শেষে তোমরা বাংলা ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারবে। খুব আনন্দের সাথে বাংলা ভাষা শেখো, এটাই আমাদের আন্তরিক শুভকামনা !

পুণে
তারিখ : ৩০ শে এপ্রিল ২০২৫
ভারতীয় সৌর :
১০ বৈশাখ ১৯৪৭,
অক্ষয় তৃতীয়া

**(কৃষ্ণকুমার ভাস্কররাও পাটিল)**
সঞ্চালক
মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও
অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে

## ভারতের সংবিধান

উদ্দেশিকা

"আমরা, ভারতের জনগণ, ভারতকে সার্বভৌম, সমাজতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, গণতান্ত্রিক, সাধারণতন্ত্র রূপে গড়ে তুলতে এবং তার সকল নাগরিকই যাতে

সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়,
বিচার, মতপ্রকাশ, বিশ্বাস, ধর্ম
এবং উপাসনার স্বাধীনতা,
সামাজিক প্রতিষ্ঠা অর্জন
ও সুযোগের সমতা প্রতিষ্ঠা
এবং তাদের সকলের মধ্যে

ব্যক্তির মর্যাদা এবং জাতীয় ঐক্য
ও সংহতি সুনিশ্চিতকরণের মাধ্যমে
তাদের মধ্যে যাতে ভ্রাতৃত্বের ভাব

গড়ে ওঠে তার জন্য

সত্যনিষ্ঠার সঙ্গে শপথ গ্রহণ করে আমাদের গণপরিষদে, আজ ১৯৪৯, সালের ২৬ শে নভেম্বর, (তিথি মাঘ শুক্ল সপ্তমী, সম্বত দুই হাজার ছয় বিক্রমী) এতদ্বারা এই সংবিধান গ্রহণ, বিধিবদ্ধ এবং নিজেদের অর্পণ করছি।"

# ভারতের সংবিধান

## ভাগ ৪ক

# নাগরিকের মৌলিক কর্তব্য

**অনুচ্ছেদ ৫১ ক্র.**

**মৌলিক কর্তব্য - ভারতের প্রতিটি নাগরিকের এই কর্তব্য থাকবে যে তাকে -**

(ক) সংবিধানকে মান্য করতে হবে এবং সংবিধানের আদর্শ, প্রতিষ্ঠানসমূহ, জাতীয় পতাকা এবং জাতীয় সংগীতের প্রতি শ্রদ্ধা জানাতে হবে।

(খ) যে সকল মহান আদর্শ দেশের স্বাধীনতার জন্য জাতীয় সংগ্রামকে অনুপ্রাণিত করেছিল, সেগুলিকে পোষণ এবং অনুসরণ করতে হবে।

(গ) ভারতের সার্বভৌমিকতা, ঐক্য এবং সংহতিকে সমর্থন ও সংরক্ষণ করতে হবে।

(ঘ) দেশরক্ষা ও জাতীয় সেবাকার্যে আত্মনিয়োগের জন্য আহুত হলে সাড়া দিতে হবে।

(ঙ) ধর্মগত, ভাষাগত, অঞ্চলগত বা শ্রেণীগত বিভেদের উর্ধ্বে থেকে সমস্ত ভারতবাসীর মধ্যে ঐক্য ও ভ্রাতৃত্ব-বোধকে সম্প্রসারিত করতে হবে এবং নারীজাতির মর্যাদাহানিকর সকল প্রথাকে পরিহার করতে হবে।

(চ) আমাদের দেশের বহুমুখী সংস্কৃতির গৌরবময় ঐতিহ্যকে মূল্যপ্রদান ও সংরক্ষণ করতে হবে।

(ছ) বনভূমি, হ্রদ, নদী, বন্যপ্রাণী-সহ প্রাকৃতিক পরিবেশের সংরক্ষণ ও উন্নতি এবং জীবজন্তুর প্রতি মমত্ববোধ প্রকাশ করতে হবে।

(জ) বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি, মানবিকতাবোধ, অনুসন্ধিৎসা, সংস্কারমূলক মনোভাবের প্রসার ঘটাতে হবে।

(ঝ) জাতীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হিংসার পথ পরিহার করতে হবে।

(ঞ) সকল ক্ষেত্রে জাতীয় উন্নতির উৎকর্ষ এবং গতি বজায় রাখার উদ্দেশ্যে ব্যক্তিগত ও সমষ্টিগত সকল কাজে চরম উৎকর্ষের জন্য সচেষ্ট হতে হবে।

(ট) মাতা-পিতা বা অভিভাবকদের ছয় থেকে চৌদ্দ বছর বয়সের প্রত্যেক শিশুকে শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে।

## রাষ্ট্রগীত

জনগণমন-অধিনায়ক জয় হে
ভারত-ভাগ্যবিধাতা ।
পঞ্জাব সিন্ধু গুজরাট মরাঠা
দ্রাবিড় উৎকল বঙ্গ,
বিন্ধ্য হিমাচল যমুনা গঙ্গা
উচ্ছলজলধিতরঙ্গ
তব শুভ নামে জাগে, তব শুভ আশিস মাগে,
গাহে তব জয়গাথা ।
জনগণ মঙ্গলদায়ক জয় হে,
ভারত-ভাগ্যবিধাতা ।
জয় হে, জয় হে, জয় হে,
জয় জয় জয় জয় হে ।।

## প্রতিজ্ঞা

ভারত আমার দেশ । সমস্ত ভারতবাসী আমার ভাই-বোন ।

আমি আমার দেশকে ভালবাসি । আমার দেশের সমৃদ্ধি এবং বিবিধতায় বিভূষিত পরম্পরার উপর আমার গর্ব ।

ওই পরম্পরার সফলতা অনুসারে চলার জন্য আমি সর্বদা ক্ষমতা অর্জন করতে চেষ্টা করবো ।

আমি আমার মা-বাবা, গুরুজন এবং বড়দের প্রতি সম্মান ও সৌজন্যপূর্ণ ব্যবহার করবো ।

আমি প্রতিজ্ঞা করছি যে, আমি আমার দেশ ও দেশবাসীর প্রতি নিষ্ঠাবান থাকবো । তাদের কল্যাণ এবং সমৃদ্ধিতেই আমার সুখ নিহিত ।

## বাংলা বালভারতী : প্রথম শ্রেণী - অধ্যয়ন ফলাফল

| SR. | C.G. | C. | অধ্যয়ন ফলাফল | Pg. No. |
|---|---|---|---|---|
| 1 | 9 | 9.1 | অপরিচিত গান, দীর্ঘ বাক্যের গল্প (৪ থেকে ৮ বাক্য) মনোযোগ দিয়ে শোনে। সেই সম্পর্কে সম্ভাষণ করে এবং প্রশ্ন জিজ্ঞাসা করে। | 4, 19, 24, 33, 38, 39, 44, 59, 64, 78 |
| 2 | | 9.1.2 | দীর্ঘ (১০ লাইন) গান এবং কবিতা উচ্চস্বরে গেয়ে পুনরাবৃত্তি করে। | 4, 19, 24, 33, 44, 45, 59, 64, 78 |
| 3 | | 9.2. | শিক্ষকের সাহায্যে ছড়া মেলায়/ছোটো কবিতা তৈরী করে। | 19, 59, 64, 80 |
| 4 | | 9.3. | কথোপকথনে অংশগ্রহণ করে বলার জন্য নিজের সময়ের অপেক্ষা করে এবং অন্যদের বলতে দেয়। | 1, 2, 3, 4, 5, 21, 22, 23, 24, 25, 33, 34, 38, 39, 41, 42, 43, 44, 45, 49, 59, 61, 62, 63, 64, 71, 72, 76, 78 |
| 5 | | 9.3.2 | শ্রেণীতে পড়া বা আলোচনা করা গল্পের নিজের অভিজ্ঞতা থেকে অর্জিত জ্ঞান দক্ষতার সাথে সংযোগ করে এবং তার সম্বন্ধে বলে। | 5, 18, 25, 34, 38, 39, 45, 49, 72 |
| 6 | | 9.4. | অনেক সহজ কর্ম নির্দেশাবলী অনুসরণ করে। (যদি একই সাথে ৬ থেকে ৯টি নির্দেশ দেওয়া হয়।) | 1, 5, 7, 8, 9, 10, 12, 13, 14, 15, 16, 17, 18, 21, 26, 27, 28, 29, 30, 31, 32, 34, 35, 36, 37, 41, 45, 46, 47, 48, 49, 50, 51, 52, 53, 61, 65, 66, 67 |
| 7 | | 9.4.2 | অনেক সহজ কর্ম সমাবেশ স্পষ্ট নির্দেশ দেয়। (যদি একই সাথে ৮ থেকে ৯ টি নির্দেশ দেওয়া হয়।) | 1, 5, 6, 15, 21, 25, 29, 41, 45, 61, 66, 67 |
| 8 | | 9.5. | গল্পের গল্পকার এবং চরিত্র উদ্দেশ্য বুঝে ব্যাখ্যা করে এবং গল্পটি বিভিন্ন ভাবে বলে। | 11, 38, 39 |
| 9 | | 9.6. | সাধারণ ধারাবাহিকতাসহ এবং চরিত্রসহ নিজের তৈরী ছোট ছোট গল্প বলে। | 11, 38, 39 |
| 10 | | 9.7. | ছবি ও প্রসঙ্গ অনুসারে অপরিচিত শব্দের অর্থ অনুমান করে। | 2, 3, 7, 8, 10, 11, 12, 14, 16, 20, 22, 23, 26, 30, 32, 34, 35, 40, 42, 43, 46, 50 51, 58, 60, 62, 63, 70, 77 |
| 11 | 10 | 10.1. | অক্ষর ধ্বনি থেকে স্বরের এবং ব্যঞ্জনের ধ্বনিকে আলাদা করে। | 20, 28 |
| 12 | | 10.1.2 | শব্দ থেকে অক্ষরের ধ্বনি আলাদা করে। | 9, 13, 17, 20, 27, 28, 31, 36 |
| 13 | | 10.1.3 | অক্ষরগুলির ধ্বনির মাধ্যমে স্বর ও ব্যঞ্জনের ধ্বনি পার্থক্য করে। | 20, 28, 68, 69 |
| 14 | | 10.2.2 | সরল যতিচিহ্ন চিনতে পারে। (দাড়ি, প্রশ্নচিহ্ন) | 65, 70, 80 |
| 15 | | 10.3.1 | সব অক্ষর (যুক্তাক্ষর সহ) চেনে এবং তাদের স্বরচিহ্নগুলি পঠন করে। | 8, 12, 16, 26, 30, 35, 40, 46, 51, 54, 60 |
| 16 | | 10.3.2 | সব অক্ষর, সব স্বরচিহ্ন এবং সাধারণ ব্যবহৃত যুক্তাক্ষরসহ বহুবর্ণীয় শব্দ পড়ে। | 38, 39, 68, 69, 80 |

| SR. | C.G. | C. | অধ্যয়ন ফলাফল | Pg. No. |
|---|---|---|---|---|
| 17 | 10 | 10.3.3 | বর্ণমালা থেকে সব অক্ষরের আকৃতি চিনে সেই অভিজ্ঞতার ব্যবহার লেখার জন্য করে। | 10, 25, 28, 37, 40, 45, 53, 55, 56, 57, 60, 79, 80 |
| 18 | | 10.3.4 | পরিচিত অক্ষর এবং স্বরচিহ্ন ব্যবহার করে নিজে বাক্য লেখে। | 14, 32, 37, 40, 47, 48, 52, 53, 72, 75, 76, 77, 79 |
| 19 | | 10.4. | সঠিকউচ্চারণ এবং ধ্বনি, যতিচিহ্নসহ ছোট অনুচ্ছেদ পড়ে। | 8, 12, 16, 26, 30, 35, 38, 39, 46, 51, 65, 70, 74, 75, 80 |
| 20 | | 10.5. | দৃশ্যমান এবং সমান পাঠ্যসহ বইগুলি স্বতন্ত্রভাবে পড়া শুরু করে। | 38, 39, 73, 74, 75 |
| 21 | | 10.5.2 | অপরিচিত গল্পের বই পঠন করে এবং শিক্ষকের নির্দেশে বুঝে নেয়। | 11, 38, 39 |
| 22 | | 10.5.2.2 | গল্পের চরিত্র এবং পাত্র চেনে। | 18, 71, 38, 39 |
| 23 | | 10.6. | ছোট-ছোট কবিতা পড়ে এবং তার শাব্দিক অর্থ বলে। | 73, 70, 78 |
| 24 | | 10.7. | খেলাধুলার জন্য সরল নির্দেশাবলী পড়ে এবং সেই অনুযায়ী দল বেছে নেয়। | 2, 3, 22, 23 |
| 25 | | 10.8.1 | ছবির ক্রম তৈরী করে এবং সেই সঙ্গে ছোট বাক্য লেখে। (বর্ণমালার অক্ষর ও স্বরচিহ্ন ব্যবহার করে।) | 66, 67, 76 |
| 26 | | 10.8.1.1 | শব্দ এবং ছোট বাক্য লিখে চিত্রপট্টির বর্ণনা করে। | 40, 58, 77, 88 |
| 27 | | 10.8.2 | ৩ বা ৪ টি বর্ণাক্ষরযুক্ত শব্দের শ্রুতিলেখন করে। | 20, 48, 60, 66, 67, 72, 79 |
| 28 | | 10.8.3 | বর্ণমালার অক্ষর ও স্বরচিহ্ন ব্যবহার করে দুই-তিনটি বাক্য রচনা করে। যেমন: নিজের অভিজ্ঞতার উপর ভিত্তিকরে কোনো চিত্র বা বস্তুর বিবরণ নিজের শব্দে দুই-তিনটি বাক্যে লেখে। | 72, 76, 77, 79 |
| 29 | | 10.8.5 | শ্রেণীকক্ষের অন্যান্য সহপাঠীদের জন্য সহজ ও ছোট নির্দেশনা লেখে। | 5, 50, 60, 80 |
| 30 | | 10.9. | বই পড়ার আগ্রহ সম্পর্কে বলে। ছোট-ছোট বই নিয়মিত পড়ে। | 38, 39, 45 |

পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীদের কাছ থেকে পাঠ্যপুস্তকে দেওয়া প্রত্যাশিত অধ্যয়ন ফলাফল অর্জন করানো অপরিহার্য। প্রত্যাশিত অধ্যয়ন ফলাফলের পাশে দেওয়া পৃষ্ঠাসংখ্যাগুলি ছাড়া অন্য পৃষ্ঠাগুলির তথ্যের মাধ্যমেও ঐ অধ্যয়ন ফলাফল অর্জন হতে পারে - এই প্রচেষ্টা শিক্ষকদের করতে হবে।

## পাঠ্যপুস্তকে ব্যবহৃত প্রতীকের পরিচয়


শোনো।


বোঝো।


বলো


লেখো।


পড়ো।


কথাবার্তা


গায়ন করা।


চর্চা করা।


পর্যবেক্ষণ করা।


কৃতি করা।

## শিক্ষক ও অভিভাবকদের জ্ঞাতার্থে...

**প্রিয় শিক্ষক / অভিভাবকবৃন্দ !**

আপনারা জানা আছে যে পঠন-পাঠন প্রক্রিয়ায় পাঠ্যপুস্তকটি শুধু একটি উপকরণ ও মাধ্যম, যা শিক্ষার্থীদের মধ্যে সেই অন্তর্নিহিত ক্ষমতাগুলি বিকাশে সহায়তা করে, যেগুলির বীজ তাদের মধ্যে পূর্ব থেকেই রয়েছে। আপনাদের সকলের কাছে এই অনুরোধ যে পাঠ্যপুস্তকের ব্যবহার করে এবং স্বাধীন ভাবে শিক্ষার্থীদের কক্ষা-কক্ষের চারিপাশের বিস্তৃত অসীম প্রকৃতির সাথে পরিচয় করাবেন। তাদের অনুসন্ধান-অন্বেষণ করতে উৎসাহিত করবেন। তাদের নিজের-কথা বলার সুযোগ দেবেন এবং সঠিক ভাবে সিদ্ধান্ত গ্রহণের জন্য সংলাপে যুক্ত করবেন।

জাতীয় শিক্ষানীতি ২০২০ অনুযাযী ভাষা জাতীয় উন্নয়নে এবং ন্যায় ভিত্তিক সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। জাতীয় শিক্ষানীতি ২০২০ প্রণীত বুনিয়াদি শিক্ষণ পাঠ্যক্রম ২০২৪ কে লক্ষ্য করে বুনিয়াদি স্তর (ফাউণ্ডেশন স্টেজ) এ শিক্ষার্থীদের ভাষা বিকাশের বাংলা 'বালভারতী' পাঠ্যপুস্তকটি প্রস্তুত করার সময় নিম্ন লিখিত বিষয়গুলির প্রতি লক্ষ্য রাখা হয়েছে।

প্রথম শ্রেণীর বাংলা 'বালভারতী' এই পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীদের পূর্বজ্ঞানের বিবেচনা করে ভাষার নতুন ব্যবহারিক প্রয়োগ এবং বিনোদনের বিষয়বস্তু দ্বারা সুসজ্জিত করে আপনাদের সম্মুখে প্রস্তুত করা হলো। এই পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীদের পূর্ব অভিজ্ঞতা, ঘর, পরিবার, পরিবেশের তথ্যকে ভিত্তি করে শ্রবণ, ভাষণ, কথোপকথন, পঠন ও লেখনের ভাষাগত দক্ষতার সঙ্গে মূল্যায়ন, পর্যবেক্ষণ, ক্রিয়াকলাপ ও উদ্যোগের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। ভাষা পঠন-পাঠনের জন্য ভাষা শিক্ষার চারটি ধাপে কাজ করা গুরুত্বপূর্ণ :

**১) মৌখিক ভাষাগত বিকাশ :** ভালোভাবে শোনা, বোঝা, মৌখিক শব্দভাণ্ডার বৃদ্ধি ও বিভিন্ন তথ্য ও ব্যক্তির (যেমন-শিক্ষক, মা-বাবা, বড় ছাত্রছাত্রী) সাথে কথোপকথনের মাধ্যমে দক্ষতা অর্জন।

**২) শব্দ চেনা :** এর মধ্যে মুদ্রিত শব্দ চিনতে শেখা ও ধ্বনি সম্পর্কে সচেতন হওয়া, প্রতীক ও শব্দের সম্পর্ক বোঝা এবং লেখা, শব্দ চেনা এর অন্তর্ভুক্ত।

**৩) পড়া :** লেখা উপকরণের অর্থ নির্মাণ করা এবং বিষয়বস্তুর উপর মনোযোগসহ চিন্তন করা।

**৪) লেখা :** যুক্তিসঙ্গত ও সুবিন্যস্তভাবে চিন্তা বা তথ্য প্রকাশের সাথে-সাথে সঠিক ভাবে শব্দ লেখা শেখা।

**মৌখিক ভাষাগত বিকাশ :** পাঠ্যপুস্তকটি বিভিন্ন ভাগে ভাগ করা হয়েছে। যেমন, ছবি ও কথোপকথন, কবিতা, এসো কিছু তৈরী করি, এসো খেলা করি, বানান, যতিচিহ্ন – এগুলির মৌলিক উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের মৌখিক ভাষাগত বিকাশ ঘটানো। শিক্ষার্থীরা ছবি দেখে ও কথোপকথনের মাধ্যমে শ্রবণ ক্ষমতা বৃদ্ধি করবে, প্রশ্ন করবে, চর্চা করবে।

**শব্দের গঠন ও বানান :** শব্দ গঠন অংশে কবিতা ও গল্প পড়ানোর পর শব্দ তৈরী ও ব্যবহারের কাজ দেওয়া হয়েছে। পূর্ণাঙ্গ বর্ণমালা শেখানোর পরিবর্তে বর্ণ শিখি অক্ষর সমূহের মাধ্যমে অর্থবোধক শব্দ তৈরী করে পাঠ পড়ানো হয়েছে।

**পড়া :** গল্প শোনো, সরব পঠন এবং কবিতা ইত্যাদি বিভাগে শিক্ষার্থীদের মধ্যে পড়ার বিভিন্ন দক্ষতা বিকাশের সুযোগ হয়েছে। যখন শিক্ষার্থীরা একসাথে পড়বে, গল্প শুনবে ও বুঝবে, তারপর প্রশ্নের উত্তর দেবে।

**লেখা :** আমরা সবাই জানি লেখার শুরু ছবি আঁকার মাধ্যমে হয় এবং তারপর শিক্ষার্থীরা ছবি সংলগ্ন শব্দ ও বাক্য লেখা শেখে। আঁকো আর আঁকো এর মাধ্যমের ছবির সাথে লেখা যুক্ত করা নিজস্ব কথা বলা ও লেখা শেখা। এখানে চেষ্টা করা হয়েছে যাতে শিক্ষার্থীরা তাদের অভিজ্ঞতা ও চিন্তন ছবি আঁকার মাধ্যমে প্রকাশ করে। তারপর কিছু শব্দ শিক্ষক বা সহপাঠীদের সাহায্যে লেখে। যেমন : অক্ষরযুক্ত করে শব্দ গঠন করা।

বাংলা 'বালভারতী' এই পাঠ্যপুস্তকটিতে প্রত্যেক পাতায় কিছু দেখো, লেখো, পড়ো, বোঝো, আঁকো, শোনো, বলো, কথাবার্তা, চর্চা, অভিনয় ইত্যাদি ক্রিয়ামূলক আয়কনের সমাবেশ করা হয়েছে। যেহেতু শিক্ষার্থীরা শিক্ষার প্রথম ধাপেই, তাই এই ক্রিয়ামূলক আয়কনের মাধ্যমে বুঝতে সক্ষম হবে - যে তাকে কী করতে হবে। পাঠ্যপুস্তকটিতে অর্ন্তভুক্ত প্রতিটি উপাদানগুলি অধ্যয়ন ফলাফলাকে লক্ষ্য রেখে সমাবেশ করা হয়েছে এবং প্রতিটি পৃষ্ঠার নীচে পাঠন পরামর্শ দেওয়া হয়েছে যা শিক্ষক, অভিভাবক ও সুলভকদের পাঠন করতে সাহায্য করবে এবং তার ফলে শিক্ষার্থীরা অধ্যয়ন ফলাফল অর্জন করতে সক্ষম হবে।

এছাড়া শুভেচ্ছা কার্ড, ভিন্নতা, ক্রিয়াকলাপ, ধাঁধা, সমান, আমার পরিবার এর মাধ্যমে শেখার প্রক্রিয়াকে আনন্দময় ও বিনোদনের সাথে রুচিকর করতে সক্ষম হবে । আমাদের বিশ্বাস যে শিক্ষক ও অভিভাবক পাঠ্যপুস্তকের সামগ্রীর রচনামূলক ব্যবহার, উদ্দেশ্য এবং নির্দেশাবলীকে লক্ষ্য রেখে করবেন – যাতে পঠন-পাঠন কার্যকর হবে এবং শিক্ষার্থীরা আনন্দের সাথে ভাষা শিখবে।

# ✿ সূচীপত্র ✿


## প্রথম বিভাগ

| অ. ক্র. | পাঠের নাম | পৃ. ক্র. |
|---|---|---|
| * | আমি | ১ |
| ১ | পাঠশালা | ২ |
| ২ | আমার পণ | ৪ |
| ৩ | আঁকো আর আঁকো | ৬ |
| ৪ | আমার নাম | ৭ |
| ৫ | বর্ণ শিখি- অ গ জ আ ম থ র | ৮ |
| ৬ | শিয়ালের চালাকি | ১১ |
| ৭ | বর্ণ শিখি- ক ট য় ই ব য | ১২ |
| ৮ | পরী | ১৫ |
| ৯ | বর্ণ শিখি- খ ড ঈ চ ত প | ১৬ |
| ১০ | ঘুম-পাড়ানি | ১৯ |
| * | পুনরাবৃত্তি-১ | ২০ |

## দ্বিতীয় বিভাগ

| অ. ক্র. | পাঠের নাম | পৃ. ক্র. |
|---|---|---|
| * | আমার সাথী | ২১ |
| ১১ | এসো খেলি | ২২ |
| ১২ | কাজের আনন্দ | ২৪ |
| ১৩ | বর্ণ শিখি- ঘ ছ উ দ ফ ল | ২৬ |
| ১৪ | ক্রিয়াকলাপ | ২৯ |
| ১৫ | বর্ণ শিখি- ঊ ন ধ ঋ শ হ | ৩০ |
| ১৬ | জন্মদিন | ৩৩ |
| ১৭ | বর্ণ শিখি- এ ণ ঝ ঐ স ৎ | ৩৫ |
| ১৮ | দুই বন্ধু | ৩৮ |
| * | পুনরাবৃত্তি-২ | ৪০ |

## তৃতীয় বিভাগ

| অ. ক্র. | পাঠের নাম | পৃ. ক্র. |
|---|---|---|
| * | সঞ্চয় | ৪১ |
| ১৯ | আমার পরিবার | ৪২ |
| ২০ | প্রভাত | ৪৪ |
| ২১ | বর্ণ শিখি- ও ঙ ঞ ঔ ষ ক্ষ | ৪৬ |
| ২২ | ব্যায়াম | ৪৯ |
| ২৩ | বর্ণ শিখি- অং ঠ ঢ অঃ ভ ঢ় ড় | ৫১ |
| ২৪ | বর্ণমালা | ৫৪ |
| ২৫ | বানান | ৫৬ |
| ২৬ | উল্টো | ৫৮ |
| ২৭ | হনহন পনপন | ৫৯ |
| * | পুনরাবৃত্তি-৩ | ৬০ |

## চতুর্থ বিভাগ

| অ. ক্র. | পাঠের নাম | পৃ. ক্র. |
|---|---|---|
| * | আমাদের বন্দনীয় | ৬১ |
| ২৮ | হাট | ৬২ |
| ২৯ | রথের মেলা | ৬৪ |
| ৩০ | শুভেচ্ছা কার্ড | ৬৬ |
| ৩১ | আমার পরিচয় | ৬৭ |
| ৩২ | যুক্তবর্ণ | ৬৮ |
| ৩৩ | ভিন্নতা | ৭০ |
| ৩৪ | মিনার দিনলিপি | ৭১ |
| ৩৫ | আমি কে ? | ৭৩ |
| ৩৬ | আমাদের দেশ | ৭৪ |
| ৩৭ | সমান | ৭৭ |
| ৩৮ | ছুটি | ৭৮ |
| * | পুনরাবৃত্তি-৪ | ৮০ |

পূর্বানুভব - শোনো ও বোঝো :



# আমি










**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের বালক ও বালিকা সম্পর্কে তথ্য নিয়ে আলোচনা করবেন। ছবিটি পর্যবেক্ষণ করতে বলবেন। ছবিটিতে বালক-বালিকা কী বলছে তা শিক্ষার্থীদের আন্দাজ করতে বলবেন। ● ছবিতে কি-কি দেখা যাচ্ছে? ● ছবিটিতে কত জন বালক-বালিকা আছে? ● বালক-বালিকার কী নাম দিতে পারি? এই ধরণের প্রশ্ন করে শ্রেণীকক্ষের শিক্ষার্থীদের একে-অপরের সাথে পরিচয় করাবেন।

দেখো, চেনো এবং বলো :

# ১. পাঠশালা




তোমাদের সবাইকে আন্তরিক স্বাগত!

## খেলাধুলা ও পড়াশোনা করো, সামনে এগিয়ে চলো।



### এখানে দেখানো প্রাণীর নাম বলো।

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে দেবেন। ● ছবিতে দেওয়া প্রাণীর নাম বলো। ● কোন প্রাণী কেমন আওয়াজ করে? ● সবচেয়ে বড়ো প্রাণী কোনটি? ● সবচেয়ে ছোট প্রাণী কোনটি? ● ছবিতে কোথায়-কোথায় সবুজ রঙ আছে? ●কোথায়-কোথায় লাল রঙ আছে? ●প্রাণীদের পিঠে কী আছে? এ ধরণের প্রশ্ন জিজ্ঞাসা করে শিক্ষার্থীদের সাথে চর্চা করে বাচাল করবেন।

শোনো ও বলো :

# ২. আমার পণ

মদনমোহন তর্কালঙ্কার



সকালে উঠিয়া আমি মনে-মনে বলি,
সারাদিন আমি যেন ভালো হয়ে চলি।

আদেশ করেন যাহা মোর গুরুজনে,
আমি যেন সেই কাজ করি ভালো মনে।

ভাই বোন সকলেরে যেন ভালোবাসি,
মোর লাগি ব্যথা নাহি পায় দাস-দাসী।

ভালো ছেলেদের সাথে মিশে করি খেলা,
পাঠের সময় যেন নাহি করি হেলা।

ঝগড়া না করি যেন কভু কারো সনে,
সকালে উঠিয়া তাই বলি মনে-মনে।

**বলো :**

- আমরা কাদের আদেশ পালন করবো ?
- কাদের ভালোবাসবে ?
- তোমরা কাদের সাথে খেলা করবে ?
- পাঠের সময় কি করা যাবেনা ?

**পাঠন পরামর্শ :** উপযুক্ত ভাব-ভঙ্গি, ছন্দ ও তালসহ গেয়ে শোনাবেন। এক-এক বা দুই-দুই পঙক্তি আবৃত্তি করে শিক্ষার্থীদের অনুসরণ করতে বলবেন, তারপর পুরো কবিতাটি একসঙ্গে আবৃত্তি করতে বলবেন। ● ছবিতে কী-কী দেখা যাচ্ছে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন। ● কবিতার পাঠ্য অনুসারে এক কথায় উত্তর হয় এমন ধরণের প্রশ্ন তুলে শিক্ষার্থীদের সাথে চর্চা করবেন।

## দেখো, বোঝো ও বলো :








## শোনো ও কৃতি করো।

১. দাড়াও।

২. এক লাইনে মাঠে চলো।

৩. সবাই মিলে গোল হয়ে বসো।

৪. ঝুড়ি থেকে একটি চিঠি নাও।

৫. চিঠিতে দেওয়া ছবি দেখো।

## কথাবার্তা







**পাঠন পরামর্শ :** উপরের ছবিগুলি শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করতে বলবেন এবং ছবির সম্পর্কে চর্চা করবেন। ● ছবির উপর ভিত্তি করে বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করবেন। ● প্রতিদিনের প্রাতঃকাজের তথ্য বলার জন্য প্রেরণা দেবেন। ● নির্দেশ দিয়ে কৃতি করতে বলবেন। ● সহপাঠীর জন্য ছোট-ছোট নির্দেশ তৈরী করাবেন। পাঠের শেষে পুরো কবিতাটি শ্রেণীকক্ষের সব শিক্ষার্থীরা ভাব-ভঙ্গি সহ যেন আবৃত্তি করতে পারে সেদিকে লক্ষ্য দেবেন।

# ৩. আঁকো আর আঁকো







**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের উপরের ছবি অনুসারে আলাদা-আলাদা আকারের ছবি দাগ টেনে আঁকতে দেবেন-যাতে তারা পাঠপূর্ব ও লেখার পূর্ব প্রস্তুতি করতে পারে। এ ধরণের বিভিন্ন আকার শিক্ষার্থীদের বার-বার অনুশীলন করাবেন।

# ৪. আমার নাম

✻ দেখো, চেনো ও বলো।






✻ ছবি দেখে, নাম বলো ও ছবি দেখাও।






ছাতা ময়ূর খরগোশ বল

✻ ছবি দেখাও, নাম চিনে জোড়া মেলাও।






ময়ূর খরগোশ বল ছাতা

✻ সমান নাম চিনে জোড়া মেলাও।

ময়ূর খরগোশ ছাতা বল

ছাতা বল ময়ূর খরগোশ

**পাঠন পরামর্শ :** উপরের চেনা ও অচেনা ছবি ও শব্দের ফ্লাশকার্ড ব্যবহার করে শিক্ষার্থীদের যথেষ্ট অনুশীলন করাবেন।

দেখো, চেনো এবং বলো :

# ৫. বর্ণ শিখি - অ গ জ আ ম থ র


অজগর


আম


গম

আ - া


জগ


ময়ূর


থলে


রথ

শোনো ও বলো :

আমার আরাম আগাম থাম অমর নরম

জগত থই গাজর মশা খবর পাথর

আ → া → জাম

দেখো ও পড়ো :

গজ রাম রাগ

থর মগজ আজ

রজ রাজা জামা

পাঠ-১

আমার মামা রামা,
মামার গরম জামা।
আজ মামা রাজা,
মজা আর মজা।

পাঠন পরামর্শ : শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| আ | আ | আ আ আ আ আ আ আ |
| গ | গ | গ গ গ গ গ গ গ |
| জ | জ | জ জ জ জ জ জ জ |
| া | া | া া া া া া া |

## * সমান অক্ষর গোল করো।

| | | | | |
|---|---|---|---|---|
| গ – | গম | গজ | মগজ | গরম |
| জ – | গজ | মগজ | রজ | অজব |
| আ – | আম | আমার | আকাশ | আধার |
| ম – | রাম | মগজ | গরম | আরাম |
| অ – | অজ | অমর | অজানা | অবসর |
| থ – | থর | থই | থলে | পথ |
| র – | গরম | রজ | আমার | থর |



## * আঁকো ও পড়ো।

আজ জাগা

গজ গজা



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।

✻ অক্ষর ও প্রথম অক্ষরযুক্ত শব্দের জোড়া মেলাও।

| অক্ষর | অ | গ | জ | আ | ম | থ | র |
|---|---|---|---|---|---|---|---|

| শব্দ | রথ | আমার | থর | মগজ | জগ | গরম | অমর |
|---|---|---|---|---|---|---|---|

✻ আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ম | ম | ম ম ম ম ম ম ম |
| থ | থ | থ থ থ থ থ থ থ |
| র | র | র র র র র র র |
| অ | অ | অ অ অ অ অ অ অ |

✻ আ (া) কার লাগিয়ে শব্দ তৈরী করো।

জ ম ম ম র গ র জ

✻ নীচে দেওয়া বর্ণাক্ষরের সামনে প্রথম অক্ষরযুক্ত শব্দ চিনে লেখো।

জাম রমা থাম গরম মজা অমর

অ- ............ র- ............ গ- ............

জ- ............ ম- ............ থ- ............

# ৬. শিয়ালের চালাকি



এক নদীতে একটা কুমির বাস করতো। একদিন একটি শিয়াল নদীর তীরে জল পান করতে আসলো এবং জলে নেমে জল পান করতে লাগলো। তখন কুমির তাকে দেখলো। কুমির মনে-মনে খুব খুশি হলো। চট করে সে শিয়ালের পা কামড়ে ধরলো।

শিয়াল মোটেও ভয় পেলো না। সে জোরে-জোরে হাসতে লাগলো, হাসতে হাসতে বললো, "ভাই কুমির ! তুমি দাঁতে কাঠ চেপে ধরেছো। এইটা আমার পা।" শিয়াল তার অন্য পা কুমিরকে দেখালো। কুমির কামড়ে ধরা পা'টি কাঠ ভেবে ছেড়ে দিলো।

শিয়াল লাফ দিয়ে জল থেকে উঠে এসে বললো, "ভাই কুমির কাঠ কাকে বলে তুমি তাও জানো না ?" এই বলে শেয়াল বনে চলে গেলো।

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে বলবেন। ছবিতে দেওয়া প্রাণীর নাম, ছবির ধারণা নিয়ে চর্চা করবেন। গল্পটি পড়ে শোনাবেন এবং শিক্ষার্থীদেরও পড়াবেন। গল্পটি শিক্ষার্থীদের নিজের ভাষায় বলার জন্য প্রেরিত করবেন। এছাড়া শিক্ষার্থীদের জানা অন্য গল্প বলার জন্য সুযোগ দেবেন।

দেখো, চেনো এবং বলো :

# ৭. বর্ণ শিখি - ক ট য় ই ব য



ইট

৬

ছয়

ই - ি



কলা



টমেটো



বল



যজ্ঞ

শোনো ও বলো :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| টব | যব | কয় | বয় | লয় | বট |
| টক | বক | ইশ | ইশপ | আকর | |
| টগর | খবর | আরব | যম | যতন | কমল |

ই → ি → বিট

দেখো ও পড়ো :

| | |
|---|---|
| বই | বিজয় |
| কই | টিকিট |
| যাই | বিকট |
| কবি | কিরিট |

পাঠ-২

আমার মামা রবি মামা,
গিরি মামা রাই'র মামা।
আমি আর রাই,
মামার জয় গাই।

**পাঠন পরামর্শ :** শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ই | ই | ই ই ই ই ই ই ই |
| ক | ক | ক ক ক ক ক ক ক |
| ট | ট | ট ট ট ট ট ট ট |
| া | া | া া া া া া া |

## * সমান অক্ষর দাগ টেনে মেলাও।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ই | ইট | বই | ট | টগর | কপট |
| য় | ভয় | নয় | ব | খবর | আরব |
| ক | কলম | বালক | য | যমজ | যব |



## * আঁকো ও পড়ো।

কই ইট

টাকা মাটি



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।

* আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| য | য | য য য য য য য |
| য় | য় | য় য় য় য় য় য় য় |
| ব | ব | ব ব ব ব ব ব ব |

* নীচের শব্দে ' ি' কার লাগিয়ে পড়ো।



গরি



জম



রব



ডম

* নতুন শব্দ বানাই।

| | | |
|---|---|---|
| | ট | |
| ব | ক | |
| | র | |



| | | |
|---|---|---|
| ব | ই | ট |
| ক | | ম |



নীচে দেওয়া পরীর ছবি দেখো ও পার্থক্য খোঁজ করো :

# ৮. পরী





**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবি দুটি পর্যবেক্ষণ করতে বলবেন। শিক্ষার্থীদের যাতে পর্যবেক্ষণ ক্ষমতার বাড়তি হয় তার জন্য ছবি দুটির সর্বাধিক পার্থক্যগুলো আলাদা ভাবে খুঁজতে বলবেন। শিক্ষার্থীদের জানা যে কোন পরীকথা শুনাতে বলবেন।

দেখো, চেনো এবং বলো :

# ৯. বর্ণ শিখি - খ ড ঈ চ ত প


খরগোশ


ডগা

ঈ - ী


চক


পকেট


তরমুজ


ঈগল

শোনো ও বলো :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| খই | খইল | সুখ | জখম | তখন | শরবত |
| ডমরু | ডমডম | চশমা | অচল | খরচ | ঈদ |
| পয়সা | মাপ | বাপন | তরকারি | তপন | বাঈ |

ঈ → ী → তীর

দেখো ও পড়ো :

| | | |
|---|---|---|
| জীব | গীতা | তীর |
| তরী | তপতী | মরীচিকা |
| গীত | কীট | পরজীবী |

## পাঠ-৩

গীতা গীত গায়-
চাতক বারি চায়,
আমার বাটির চমচম-
গীতা আর তপতী খায়।

**পাঠন পরামর্শ :** শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ঈ | ঈ | ঈ ঈ ঈ ঈ ঈ ঈ ঈ |
| ড | ড | ড ড ড ড ড ড ড |
| ত | ত | ত ত ত ত ত ত ত |
| ী | ী | ী ী ী ী ী ী ী |

## * সমান অক্ষর গোল করো।

| | | | | |
|---|---|---|---|---|
| খ | – | খই | খরচ | খবর |
| ড | – | ডগা | ডমরু | ডমডম |
| চ | – | চখ | চরখা | আচরণ |
| প | – | আপন | বিপদ | পরিবেশ |

## * আঁকো ও পড়ো।



বারী তীর

বীর কীট



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করাবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| চ | চ | চ চ চ চ চ চ চ |
| থ | থ | থ থ থ থ থ থ থ |
| প | প | প প প প প প প |

## * 'ী' কার লিখি ও শব্দ পড়ি।

খীর রীত বারী গীত

## * শব্দগুলি পড়ো ও লেখো।

গীতা

তীর

তপতী

কীটক

## * কে বলো।

অ) যিনি পড়ান। আ) যিনি চিকিৎসা করেন। ই) যিনি গান করেন।







শোনো ও বলো :

# ১০. ঘুম-পাড়ানি

রবীন্দ্রনাথ ঠাকুর



আয় রে আয় রে সাঁঝের বা,
লতাটিরে দুলিয়ে যা-
ফুলের গন্ধ দেব তোরে,
আঁচলটি তোর-ভরে-ভরে।
আয় রে আয় রে মধুকর,
ডানা দিয়ে বাতাস কর -
ভোরের বেলা গুন গুনিয়ে,
ফুলের মধু যাবি নিয়ে।।
আয় রে চাঁদের আলো আয়,
হাত বুলিয়ে দে রে গায়।
পাতার কোলে মাথা থুয়ে,
ঘুমিয়ে পড়বি শুয়ে-শুয়ে।
পাখিরে তুই কোসনে কথা,
ঐ যে ঘুমিয়ে প'ল লতা।

**বলো :**

- ফুলের গন্ধ কাকে দেবে ?
- ডানা দিয়ে কে বাতাস করে ?
- ভোরবেলা গুন-গুনিয়ে কী নিয়ে যাবে ?
- কার কোলে মাথা রেখে ঘুমাবে ?
- কে ঘুমিয়ে পড়লো ?

**পাঠন পরামর্শ :** উপযুক্ত ভাব-ভঙ্গি, ছন্দ ও তালসহ গেয়ে শোনাবেন। এক-এক বা দুই-দুই পঙক্তি আবৃত্তি করে শিক্ষার্থীদের অনুসরণ করতে বলবেন। পুরো কবিতাটি একসঙ্গে আবৃত্তি করতে বলবেন। ছবিতে কী-কী দেখা যাচ্ছে তা শিক্ষার্থীদের জিজ্ঞাসা করবেন। ছবিটি নিয়ে শিক্ষার্থীদের সাথে চর্চা করবেন। কবিতার উপর ভিত্তি করে এক কথায় উত্তর হয় এমন প্রশ্ন তুলে ধরে চর্চা করবেন।

# পুনরাবৃত্তি - ১

## এসো নতুন কিছু শিখি :




## রঙ করো :

লাল -

সবুজ -

হলুদ -

নীলা -



**✻ নীচের শব্দগুলি থেকে ধ্বনি আলাদা করে ধ্বনি হিসেবে হাত-তালি দাও।**

যেমন - বাবা - ব + আ + ব + আ

চক - ..............................

ভাব - ..............................

গীতা - ..............................

বাতি - ..............................

**✻ খালি জায়গায় শব্দ বসিয়ে অর্থপূর্ণ বাক্য বলো।**

অ) আমি সকালে তাড়াতাড়ি ..............................

ই) রীতা মাঠে খেলা ..............................

আ) আমি প্রতিদিন পাঠশালায় ..............................

ঈ) আমি বই ..............................

**✻ নীচের ছবিগুলির নাম লেখো।**










.............................. .............................. .............................. ..............................

**পাঠন পরামর্শ :** উপরের কৃতি অনুসারে মাসের নাম, তিথির নাম এর অভ্যাস করাবেন এবং বিভিন্ন রঙের পরিচয় করাবেন।

## পূর্বানুভব - ছবি দেখে সঠিক জোড়া মেলাও :

### আমার সাথী



চিঠি



কুয়া



বই



তালা



জুতা



পিঁড়ি



স্কুল ব্যাগ



চাবি




লেটার বক্স



বালতি



বেলন



মোজা

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে দেবেন। ● ছবিটির বাম দিকে কী-কী দেখা যাচ্ছে ? ● ছবির ডান হাতে কী-কী দেখা যাচ্ছে ? ● বাম দিকের এবং ডান দিকের ছবির মধ্যে কী সম্পর্ক বলোতো ? ● এই ছবিটির জিনিসগুলো তোমরা কোথায় দেখতে পাও ? এ ধরণের প্রশ্ন জিজ্ঞাসা করে শিক্ষার্থীদের পূর্ব অভিজ্ঞতা তুলে ধরবেন।

দেখো, চেনো ও বলো :

# ১১. এসো খেলি









**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে দেবেন। ● এখানে কয়টি ছবি দেখা যাচ্ছে ? ● ছবি গুলোতে কী-কী খেলা করতে দেখা যাচ্ছে ? ● ছেলে মেয়েরা কোথায় খেলা করছে ? ● একই রঙের পোশাক পরা ছেলে-মেয়ে কোথায়-কোথায় দেখা যাচ্ছে ? ● তোমরা এধরণের খেলা করো কি ? ● এছাড়া আর কী-কী খেলা করো ? ● তোমাদের পছন্দের খেলা কোনটি ? এধরণের প্রশ্ন জিজ্ঞাসা করে শিক্ষার্থীদের সাথে চর্চা করবেন এবং বাচাল করবেন।

শোনো ও বলো :

# ১২. কাজের আনন্দ

নবকৃষ্ণ ভট্টাচার্য্য



মৌমাছি, মৌমাছি,
কোথা যাও নাচি নাচি,
দাঁড়াও না একবার ভাই।

ওই ফুল ফোটে বনে,
যাই মধু আহরণে,
দাড়াবার সময় তো নাই।

ছোট পাখি, ছোট পাখি,
কিচিমিচি ডাকি ডাকি,
কোথা যাও, বলে যাও শুনি।

এখন না কব কথা,
আনিয়াছি তৃণলতা,
আপনার বাসা আগে বুনি।

**পাঠন পরামর্শ :** উপযুক্ত ভাব-ভঙ্গি, ছন্দ ও তালসহ কবিতা আবৃত্তি করে শোনাবেন। কবিতার প্রতিটি চরণ দলগত ভাবে অনুসরণ করতে বলবেন। প্রতিটি শিক্ষার্থীর কাছ থেকে সম্পূর্ণ কবিতাটি ব্যক্তিগত ভাবে আবৃত্তি করে নেবেন।

নিজে করো।

১. বলো তো দেখি।



অ) মৌমাছি কোথায় যায়?

আ) তৃণলতা কে আনে?

ই) মধু কে আহরণ করে?

ঈ) পাখি কেমন আওয়াজ করে?

২. নীচে দেওয়া শব্দ নিয়ে কবিতার শূণ্যস্থান পূর্ণ করো।

(মধু, দাঁড়াবার, ফোটে)

অ) ওই ফুল ________ বনে।

আ) যাই ________ আহরণে।

ই) ________ সময় তো নাই।



৩. কবিতায় একই শব্দ দুবার আছে, এমন শব্দ খোঁজ করে বলো।

মৌমাছি, মৌমাছি

## কথাবার্তা




পাঠন পরামর্শ : মৌমাছি কোন-কোন ফুল থেকে মধু আহরণ করে, শ্রেণীকক্ষে চর্চা করবেন। কবিতার উপর ভিত্তি করে আরও কিছু প্রশ্ন ও যুগ্ম শব্দের অনুশীলন করাবেন।

দেখো, চেনো ও বলো :

# ১৩. বর্ণ শিখি - ঘ ছ উ দ ফ ল



উট



ঘড়ি

উ - ৎ



ছড়ি



দরজা



ফড়িং



লবণ

শোনো ও বলো :

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ফল | বরফ | দফতর | উমা | বউমা | লাউ |
| ঘর | বিঘত | নিদাঘ | ছক | বছর | মাছ |
| দল | সদর | জলদ | ললাট | কলম | সরল |

উ → ৎ → খুকু

দেখো ও পড়ো :

ফুল বকুল কুকুর
দুই খুকু ডুমুর
কুল ঘুঘু ফুচকা
জুতা কুমার বাছুর

পাঠ-৪

ফুটিল বকুল ফুল,
টুলুর ছিল লাল পুতুল।
বটু কাকার দুই কুকুর,
খায়, ঘুমায় রাত দুপুর।

**পাঠন পরামর্শ :** শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## ✻ আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ছ | ছ | ছ ছ ছ ছ ছ ছ ছ |
| দ | দ | দ দ দ দ দ দ দ |
| ল | ল | ল ল ল ল ল ল ল |
| ৎ | ৎ | ৎ ৎ ৎ ৎ ৎ ৎ ৎ |

## ✻ সমান অক্ষরের নীচে দাগ দাও।

| | | | | |
|---|---|---|---|---|
| উ | – | উট | লাউ | বউমা |
| ঘ | – | ঘর | মেঘ | বিঘত |
| ছ | – | ছক | বছর | মাছ |
| দ | – | দল | বদল | বারুদ |
| ফ | – | ফল | বরফ | দফতর |
| ল | – | লবণ | কলম | সরল |

## ✻ আঁকো ও পড়ো।



ছুটি দুল

ঊপুর কপাল



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ঘ | ঘ | ঘ ঘ ঘ ঘ ঘ ঘ ঘ |
| উ | উ | উ উ উ উ উ উ উ |
| ফ | ফ | ফ ফ ফ ফ ফ ফ ফ |

## * সঠিক ধ্বনিটিকে গোল করো।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ঘ + ু | = | ঘা | ঘি | ঘু | ঘী |
| ক + ু | = | কি | কা | কু | কী |
| ড + ু | = | ডু | ডী | ডি | ডা |
| ল + ু | = | লা | লু | লী | লি |

## * নীচে দেওয়া শব্দগুলি পড়ো ও লেখো।

ঘট ............ দই ............ ঘুম ............

বছর ............ দুয়ার ............ বাছুর ............

## * শব্দ থেকে বর্ণ ও স্বরচিহ্ন আলাদা করো।

যেমন – ফুল – ফ + ু + ল

কুল – ............ দুই – ............

কুমার – ............ পুতুল – ............

# ১৪. ক্রিয়াকলাপ

## দেখো, বোঝো ও করো :




**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের কাগজ দিয়ে সঠিক ভাবে ভাঁজ করে নৌকা বানানোর প্রাত্যক্ষিক করাবেন। নৌকা ছাড়া আরও কী-কী জিনিস বানানো যায় তার প্রাত্যক্ষিক করার সুযোগ দেবেন।

**দেখো, চেনো এবং বলো :**

# ১৫. বর্ণ শিখি - ঊ ন ধ ঋ শ হ

ঊ - ৃ



ঊষা



ঋষি

ঋ - ৃ



শশা



নদী



ধনুক



হরিণ

**শোনো ও বলো :**

ঊ → ূ → ধূপ

ঊর্মি ঊনিশ ঊর্ধ্ব ঋষভ ঋণ ঋতু

শরৎ চশমা একুশ নয়ন মনন শয়ন

ধরা মাধব অগাধ হনুমান গহন

ঋ → ৃ → ঘৃত

**দেখো ও পড়ো :**

| | | | |
|---|---|---|---|
| ধূপ | ধূসর | ঘৃত | অমৃত |
| ধূলা | ময়ূর | গৃহ | শৃগাল |
| মূলা | পূরণ | কৃশ | কৃপন |
| পূজা | শূকর | মৃগ | পৃথক |

## পাঠ-৫

নলকূপ ধরাতল-
দূর দূর আনি জল।
পিতৃ মাতৃর গৃহ কানন-
বর বধূর আগমন।

**পাঠন পরামর্শ :** শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ঊ | ঊ | ঊ ঊ ঊ ঊ ঊ ঊ ঊ |
| ণ | ণ | ণ ণ ণ ণ ণ ণ ণ |
| শ | শ | শ শ শ শ শ শ শ |
| ৃ | ৃ | ৃ ৃ ৃ ৃ ৃ ৃ ৃ |

## * সমান অক্ষর গোল করো।

| | | | | |
|---|---|---|---|---|
| ঊ – | ঊনিশ | ঊমা | ঊকার | ঊর্মি |
| ঋ – | ঋণ | ঋষভ | ঋতু | ঋকার |
| শ – | শশী | চশমা | পঞ্চাশ | পশম |
| ন – | নবীন | মন | অনল | শয়ন |
| ধ – | ধন | অধম | মগধ | ধব ধব |
| হ – | হরি | সাহস | নিরিহ | হন হন |

## * আঁকো ও পড়ো।



দূর ঝর্ণা

শূকর ঊনিশ



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ঞ | ঞ | ঞ ঞ ঞ ঞ ঞ ঞ ঞ |
| ঋ | ঋ | ঋ ঋ ঋ ঋ ঋ ঋ ঋ |
| হ | হ | হ হ হ হ হ হ হ |
| ৃ | ৃ | ৃ ৃ ৃ ৃ ৃ ৃ ৃ |

## * ছবি দেখে নীচের শব্দে সঠিক স্বরচিহ্ন লাগিয়ে শব্দ তৈরী করো।


ময়র


মলা


সতা


মগ


শগাল

## * বর্ণ ও স্বরচিহ্ন জুড়ে শব্দ বানাও।






শোনো ও বলো :

# ১৬. জন্মদিন

জন্মদিনে গাছ লাগাই,
সবুজ করে ধরা সাজাই-
ফুলে-ফলে ভরে যাবে,
শীতল বায়ু সবাই পাবে।

শিশু যেমন মায়ের কোলে,
ধরায় তেমন গাছ দোলে-
সবুজ রঙে হাসে ধরা,
আমোদে তাই মনটা ভরা।

চলো সবাই গাছ লাগাই,
পরিবেশকে আগে বাঁচাই-
জন্মদিনে গাছ লাগাই,
সবুজ করে ধরা সাজাই।



**পাঠন পরামর্শ :** উপযুক্ত ভাব-ভঙ্গি, ছন্দ ও তালসহ কবিতা আবৃত্তি করে শোনাবেন। কবিতার প্রতিটি চরণ দলগত ভাবে অনুসরণ করতে বলবেন। প্রতিটি শিক্ষার্থীর কাছ থেকে সম্পূর্ণ কবিতাটি ব্যক্তিগত ভাবে আবৃত্তি করে নেবেন।

## নিজে করি।

**১. কৃতি পূর্ণ করো।**

গাছ থেকে আমরা যা-যা পাই তার ছবি আঁকো।



**২. জন্মদিন পালন করার সময় কী-কী জিনিসের দরকার হয়, তা বলো।**

**৩. এক কথায় উত্তর দাও।**

অ) কবিতায় কী করতে বলা হয়েছে ?

আ) গাছ কোথায় দোলে ?

ই) গাছ লাগালে কি বাঁচবে ?

## কথাবার্তা




**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের গাছের উপকারিতা সম্পর্কে ধারণা বোঝাবেন। যেমন- পরিবেশ সুরক্ষা, ফল, ফুল, ছায়া, মাটি রক্ষা, বন্য প্রাণীর আশ্রয় ইত্যাদি। কোন ঋতুতে গাছ লাগানো উপযুক্ত তা ব্যাখ্যা করবেন। শিক্ষার্থীদের দায়িত্ব দেবেন যাতে তারা তাদের জন্মদিনে গাছ লাগিয়ে নিয়মিত পরিচর্যা করে।

দেখো, চেনো এবং বলো :

# ১৭. বর্ণ শিখি - এ ণ ঝ ঐ স ৎ

এ - ে



একতারা



ঐরাবত

ঐ - ৈ



সজনে



বাণ



বিদ্যুৎ



ঝড়

শোনো ও বলো :

এ → ে → দেশ

| | | | | |
|---|---|---|---|---|
| একতা | একলা | একান্ন | ঐক্য | ঐচ্ছিক |
| সহজ | বসন | তাপস | বীন | ঋণ |
| তড়িৎ | জগৎ | ঝমক | ঝমাঝম | বোঝ |
| | উৎস | | নিপুণ | |

ঐ → ৈ → তৈল

দেখো ও পড়ো :

| | | |
|---|---|---|
| ছেলে | তৈল | লেখক |
| মেয়ে | শৈল | কেশব |
| শেষ | পৈতা | দৈনিক |
| খেলা | বৈঠা | কৈলাশ |

পাঠ-৬

লেবুর রস অনেক টক,
মিঠা খেতে খুব শখ।
জলে আছে শৈবাল-
দেখে শুনে ধীরে চল।

**পাঠন পরামর্শ :** শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## ✻ আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| এ | এ | এ এ এ এ এ এ এ |
| ে | ে | ে ে ে ে ে ে ে |
| স | স | স স স স স স স |
| ৈ | ৈ | ৈ ৈ ৈ ৈ ৈ ৈ ৈ |

## ✻ সমান অক্ষরের নীচে দাগ দাও।

| | | | |
|---|---|---|---|
| এ - একলা একতা | | ঐ - ঐক্য ঐরাবত | |
| স - সবল ফসল | | ৎ - সৎ উৎপাত | |
| ণ - হরিণ গণন | | ঝ - ঝমক ঝমাঝম | |

## ✻ আঁকো ও পড়ো।



কেশ তৈরী

সেখানে সৈনিক



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ঐ | ঐ | ঐ ঐ ঐ ঐ ঐ ঐ ঐ |
| ঝ | ঝ | ঝ ঝ ঝ ঝ ঝ ঝ ঝ |
| ণ | ণ | ণ ণ ণ ণ ণ ণ ণ |
| ং | ং | ং ং ং ং ং ং ং |

## * ছবির জায়গায় শব্দ বসিয়ে বাক্যগুলি পড়ো।

১. আমি  যাই।

২. জলে  থাকে।

৩. তুমি  খাবে ?

৪. আমি  খেলি।

## * নীচে দেওয়া শব্দ ঝুড়ি থেকে (ে) একার, (ৈ) ঐকারযুক্ত শব্দ বেছে সঠিক স্থানে লেখো।




| (ে) একারযুক্ত শব্দ | (ৈ) ঐকারযুক্ত শব্দ |
|---|---|
| .............................. | .............................. |
| .............................. | .............................. |
| .............................. | .............................. |
| .............................. | .............................. |
| .............................. | .............................. |
| .............................. | .............................. |
| .............................. | .............................. |
| .............................. | .............................. |

# ১৮. দুই বন্ধু

## দেখো, শোনো ও বোঝো :

একটি সরোবরে একটি কচ্ছপ থাকতো। ওই সরোবরের তীরে তার বন্ধু শিয়াল গাছের নীচে গর্তে বাস করতো।



দুই বন্ধু কথাবার্তায় ব্যস্ত থাকার সময় একটি নেকড়ে বাঘ সেইখানে আসলো।



নেকড়ে বাঘের আক্রমণে শিয়াল গর্তে লুকালো কিন্তু কচ্ছপ ওখানে পড়ে রইল।

নেকড়ে বাঘ কচ্ছপকে ধরে ফেললো। শিয়ালের বন্ধুর জন্য চিন্তা হলো।



নেকড়ে বাঘ কচ্ছপকে খাওয়ার জন্য কামড়া কামড়ি করলো কিন্তু কিছুই করতে পারলো না। এই দেখে শিয়াল একটি বুদ্ধি করলো।

শিয়াল বললো, "বাঘ মামা, শক্ত কচ্ছপ খেতে পারবে না। জলে ফেলে কচ্ছপ নরম করে নাও।"



শিয়ালের কথা শুনে মূর্খ নেকড়ে বাঘ কচ্ছপকে জলে ফেলে দিলো। বুদ্ধিবলে শিয়াল বন্ধুর প্রাণ বাঁচালো।

**পাঠন পরামর্শ :** সবগুলো অক্ষর সমুহ শেষ হওয়ার পর এই গল্পটি ব্যক্তিগত ভাবে সরব পঠন করার জন্য সুযোগ দেবেন। এই ধরণের ছোট গল্পের বই শিক্ষার্থীদের পড়ার সুযোগ করে দেবেন। ● ছবিতে কী দেখা যাচ্ছে? ● ছবির পরিবেশ কেমন? ● ছবিতে প্রাণীগুলি কী করছে ? এই ধরণের প্রশ্ন উপস্থাপন করে শিক্ষার্থীদের মতামত বলার সুযোগ দেবেন। গল্পের শেষে কী শিক্ষা পাওয়া যায়, শিক্ষার্থীদের বলার জন্য প্রেরিত করবেন। শিক্ষার্থীদের নিজের ভাষায় গল্প বলার সুযোগ দেবেন।

## পুনরাবৃত্তি - ২

**নিজে করো :**

১. ছবি দেখো ও নাম লেখো।

 ..........................

 ..........................

 ..........................

 ..........................

২. সঠিক স্বরচিহ্ন লিখে শব্দ তৈরী করি।

* 

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ে | ছ | ে | ল | ে | ব | ল | া |

* 

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ত | র | ক | ... | ... | র |

* 

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ... | ট | ক | ... | ট | ... | ক |

* 

| | | | | |
|---|---|---|---|---|
| ব | ... | ছ | ... | র |

৩. নীচে দেওয়া ছবি থেকে প্রাণীর ছকে (✓) চিহ্ন দাও।

 ☐  ☐  ☐  ☐  ☐

 ☐  ☐  ☐  ☐  ☐

৪. এলোমেলো শব্দ সাজিয়ে বাক্য গঠন করি।

* লাল আমার কলম - আমার লাল কলম।
* খাই ভাত আমি - ..............................
* পাকে আম মাসে বৈশাখ- ..............................

পূর্বানুভব - দেখো ও বোঝো :

# সঞ্চয়




## চর্চা করো :

- প্রতিটি ছবির বিষয়ে একটি বাক্য বলো।
- ছবিতে কে কী করে বলো।
- কী-কী সঞ্চয় করে রাখা যায় ?
- তোমাদের ঘরে জল সঞ্চয় করার পদ্ধতিটি লেখো।

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবিটি পর্যবেক্ষণ করতে দেবেন। ছবিটিতে কী-কী দেখা যাচ্ছে জিজ্ঞাসা করবেন। ● আমরা জল কীভাবে সঞ্চয় করি ? টাকা-পয়সা কীভাবে সঞ্চয় করি ? ● ধান-চাল কীভাবে সঞ্চয় করে রাখি ? ● ধান-চাল, টাকা-পয়সা, জল-এগুলির সঞ্চয় কেন করি ? এধরণের প্রশ্ন জিজ্ঞাসা করে জল, মাটি, বৃক্ষের যত্ন কীভাবে করতে পারি এটা চর্চার মাধ্যমে তুলে ধরবেন।

দেখো, চেনো এবং বলো :

# ১৯. আমার পরিবার






**পাঠন পরামর্শ :** উপরের ছবিটি শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করতে দেবেন। ● এধরণের ছবি আমরা কোথায় দেখতে পাই? ● ছবিটিতে কে-কে আছে? ● তোমাদের বাড়িতে কে-কে আছে ? ● তোমার মামা বাড়ি কোথায়? ● তোমরা কোথায় বেড়াতে যাও? ● তোমার বাবার বোনকে কী বলে ডাকো? ● তোমার মা'র ভাইকে কী বলে ডাকো? ● তোমার বাবার ভাইকে কী বলে ডাকো? এ ধরণের প্রশ্ন জিজ্ঞাসা করে সম্বন্ধ-পরিচয় করে দেবেন।

শোনো ও বলো :

# ২০. প্রভাত

দীনবন্ধু মিত্র



রাত পোহা'ল ফরসা হল,
ফুটল কত ফুল;
কাঁপিয়ে পাখা নীল পতাকা
জুটল অলিকুল।
পূরব ভাগে নবীন রাগে
উঠল দিবাকর;
সোনার বরণ তরুণ তপন
দেখতে মনোহর।
পুঁথি বগলে ছেলের দলে
পাঠশালাতে যায়;
পথে যেতে কোঁচড় হতে
খাবার নিয়ে খায়।

**চর্চা করো :**

- ফরসা শব্দের অর্থ কী হতে পারে ?
- পাঠশালায় যাওয়ার সময় তোমরা কে-কী করো।
- আমাদের পাখা থাকলে আমরা কী করতাম ?

**পাঠন পরামর্শ :** শিক্ষক কবিতাটি ভাবভঙ্গি ও ছন্দ ও তালে সুরে আবৃত্তি করে শোনাবেন। দলগত ভাবে কবিতার লাইন অনুসরণ করবেন। ব্যক্তিগত ভাবে আবৃত্তি করার সুযোগ দেবেন। মোবাইল, ইন্টারনেট কিংবা উপলব্ধ ডিজিটাল উপকরণ প্রয়োজন মত ব্যবহার করবেন।

## নিজে করো।

১. পড়ো ।

| | | | | |
|---|---|---|---|---|
| ফরসা | নবীন | ফুল | দিবাকর | মনোহর |
| অলিকুল | পাঠশালা | আনন্দ | বৈকাল | তরুণ |

২. কবিতা থেকে মিলযুক্ত শব্দ বেছে লেখো।

যেমন : ফুটল - জুটল

অ) ............ - ............ আ) ............ - ............

ই) ............ - ............ ঈ) ............ - ............

৩. নীচে দেওয়া ছড়ার লাইন পূর্ণ করো।

(পূর্ব, যায়, গরু, ওঠে)

সকালবেলা ............ দিকে,
সূর্যমামা ............ ।
রাখালেরা ............ নিয়ে,
ধেয়ে ............ গোঠে ।



৪. অভিনয় করো।

অ) গোল-গোল ঘোরা আ) ঢোল বাজানো

ই) গাড়ি চালানো ঈ) ঘুড়ি উড়ানো

### কথাবার্তা




**পাঠন পরামর্শ :** কবিতার অন্তর্ভুক্ত কঠিন শব্দগুলির অনুশীলন করাবেন। ছোট-ছোট ছড়া তৈরী করার জন্য প্রেরিত করবেন। ছোট কবিতার বই নিয়মিত পড়ার সুযোগ করে দেবেন।

দেখো, চেনো এবং বলো :

# ২১. বর্ণ শিখি - ও ঙ ঞ ঔ ষ ক্ষ

ও - ো



ওল



ব্যাঙ



ঔষধ

ঔ - ৌ



ষট্‌কোণ



চাঁদ



ক্ষত



মিঞা

শোনো ও বলো :

ও → ো → খোকা

| | | | | |
|---|---|---|---|---|
| ওজন | খাওয়া | দাড়াও | রঙ | ঠ্যাঙ |
| ঔষধালয় | ঔদার্য | ঔড়ব | ষড়ঙ্গ | বৃষভ |
| পাঁচ | বাঁশ | আঁধার | ক্ষমা | রক্ষক |

ঔ → ৌ → নৌকা

দেখো ও পড়ো :

| | |
|---|---|
| খোকা | নৌকা |
| ডোবা | পৌষ |
| মোহন | গৌতম |
| গোলাপ | মৌচাক |

## পাঠ-৭

জাহাজ চলে সাগর জলে,
নৌকা চলে ডোবার জলে।
বৈশাখ মাসে বান এলে-
আম কাঁঠাল সব বৃক্ষতলে।

**পাঠন পরামর্শ :** শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## * আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ও | ও | ও ও ও ও ও ও ও |
| ো | ো | ো ো ো ো ো ো ো |
| ঔ | ঔ | ঔ ঔ ঔ ঔ ঔ ঔ ঔ |
| ৌ | ৌ | ৌ ৌ ৌ ৌ ৌ ৌ ৌ |
| ষ | ষ | ষ ষ ষ ষ ষ ষ ষ |

## * নীচের ফাঁকা জায়গায় সঠিক ধ্বনি লেখো এবং সেই ধ্বনিযুক্ত শব্দ লেখো।

দ ভ ো ভো ............

স গ ৌ ............

## * আঁকো ও পড়ো।



লোক মৌন

পোশাক ঔষধ



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।



## ✻ আঁকো লেখো ও পড়ো।



| | | |
|---|---|---|
| ঙ | ঙ | ঙ ঙ ঙ ঙ ঙ ঙ ঙ |
| ক্ষ | ক্ষ | ক্ষ ক্ষ ক্ষ ক্ষ ক্ষ ক্ষ ক্ষ |
| ঞ | ঞ | ঞ ঞ ঞ ঞ ঞ ঞ ঞ |
| ঁ | ঁ | ঁ ঁ ঁ ঁ ঁ ঁ ঁ |



## ✻ অক্ষরের সঠিক ক্রম লাগিয়ে অর্থপূর্ণ শব্দ তৈরী করো।

লা — গো — প

....................................

দা — কো — ল

....................................

ষ — ঔ — ধ

....................................

শ — কৌ — ল

....................................



## ✻ এলোমেলো শব্দ সাজিয়ে বাক্য তৈরী করে লেখো।

- লাগায় চারাগাছ গোপাল।

....................................

- মৌমাছি বানায় মৌচাক।

....................................

শোনো, বোঝো ও করো :

# ২২. ব্যায়াম

শিক্ষিকা : সুপ্রভাত !

শিক্ষার্থীরা : সুপ্রভাত !

শিক্ষিকা : আজ আমরা ব্যায়ামের সম্বন্ধে জানবো।

অজয় : হ্যাঁ, ম্যাডাম ! আমাদের বাড়ির পাশে একটি ব্যায়ামশালা আছে।

শিক্ষিকা : খুব সুন্দর।

কবিতা : ম্যাডাম, ব্যায়ামের অর্থ কি ?

শিক্ষিকা : ব্যায়াম শব্দটির অর্থ হলো শরীরকে সুস্থ ও শক্তিশালী করার জন্য বিভিন্ন ধরণের শারীরিক গতিবিধি।

ইশা : কীভাবে এবং কোথায় ব্যায়াম করতে হবে ?

শিক্ষিকা : ব্যায়াম বাড়িতে খোলা জায়গায় বা মাঠে করা হয়। সকালে হাঁটা, দৌড়ানো, সাঁতার কাটা, সাইকেল চালানো এ গুলিকেও ব্যায়াম বলে।

কনক : আমরা কীভাবে ব্যায়াম শুরু করবো ?

শিক্ষিকা : তোমরা প্রতিদিন ছোট-ছোট গতিবিধি করে এবং আসন - যোগাসন করে শুরু করতে পারো।

সচিন : আপনি কি আমাদের ব্যায়াম শেখাবেন ?

শিক্ষিকা : তোমরা যদি তৈরী থাকো, তাহলে আজ থেকেই আমরা ব্যায়াম শুরু করতে পারি।

শিক্ষার্থীরা : তাহলে তাই হোক, চলুন ম্যাডাম আমরা সকলে মিলে আজ থেকে ব্যায়াম শুরু করি।

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ভিন্ন ভিন্ন চরিত্রের সংলাপ দিয়ে নাটক করে নেবেন এবং পাঠশালার বিভিন্ন অনুষ্ঠানে উপস্থাপন করবেন। এই ধরণের ছোট-ছোট নাটকের বই পড়ার সুযোগ করে দেবেন।



## নিজে করো।

১. যে ছবিটিতে ব্যায়াম হচ্ছে তার সামনে (✓) আর যে ছবিটিতে ব্যায়াম হচ্ছে না তার সামনে (✗) চিহ্ন করো।



দৌড়ানো ◯



সাইকেল চালানো ◯



সাঁতার কাটা ◯



মোবাইল দেখা ◯



বসে থাকা ◯



কম্পিউটর চালানো ◯

২. করে দেখো।



- এক পায়ে দাঁড়ানো।
- লাফানো।
- সাপের মত আঁকাবাঁকা হয়ে চলা।
- জায়গায় দাঁড়িয়ে দৌড়ানো।
- ব্যাঙের লাফ।

## কথাবার্তা







তোমাদের বাড়িতে কে-কে ব্যায়াম করে?

আমরা আরও কী-কী শারীরিক গতিবিধি করতে পারি?

**পাঠন পরামর্শ :** সহপাঠীদের জন্য এই ধরণের অন্য কৃতি করার জন্য নির্দেশ লেখার অনুশীলন করাবেন। প্রয়োজনে শিক্ষার্থীদের ব্যায়ামের ভিডিও দেখাবেন। ব্যায়ামের পাশাপাশি পুষ্টিকর খাবার ও বিশ্রামের প্রয়োজনীয়তা চর্চা করবেন। ব্যায়ামের মহত্ত্ব বুঝিয়ে দেবেন।

দেখো, চেনো এবং বলো :

## ২৩. বর্ণ শিখি - অং ঠ ঢ অঃ ভ ঢ় ড়

অং - ং



হাড়

অঃ - ঃ



ঠাকুরমা



ঢাক



ভবন



আষাঢ়

শোনো ও বলো :

অং → ং → টং

| | | | | |
|---|---|---|---|---|
| অংক | শতাংশ | এবং | দুঃখ | ঢং |
| ঠক | বৈঠক | পিঠ | ঢলা | পুণঃ |
| ভয় | অভয় | নভ | অতঃ | ঢপ |

অঃ → ঃ → দুঃখ

দেখো ও পড়ো :

| | | |
|---|---|---|
| ঠোঁট | চাল | ঢেঁকি |
| ধড় | খড় | গড় |
| দৃঢ় | ঠোঙা | মাঠ |
| ঢোলক | ভারত | গভীর |
| ভুবন | প্রভাত | ঢাকনা |

পাঠ-৮

সিংহ মাংস খায়।
সে বনের নিরীহ পশুদের
সংহার করে।
দুঃসহ শীতে বসে ঘরে,
দুঃখীরাম উঃ আঃ করে।

পাঠন পরামর্শ : শব্দ সমূহের যে কোন একটি অক্ষরের ধ্বনিযুক্ত শব্দ জিজ্ঞাসা করবেন। শিক্ষার্থীদের বলা শব্দগুলো ফলকে লিখবেন এবং প্রদত্ত অক্ষরকে গোল করতে বলবেন। ছবির রঙ করা ধ্বনিটির অভ্যাস করাবেন। এক একটি অক্ষর ধাপে-ধাপে শেখাবেন। ছবি, অক্ষর, স্বরচিহ্ন, শব্দ, বাক্য এই ধাপ অনুসরণ করবেন।

## ✻ আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ৎ | ৎ | ৎ ৎ ৎ ৎ ৎ ৎ ৎ |
| অং | অং | অং অং অং অং অং অং অং |
| অঃ | অঃ | অঃ অঃ অঃ অঃ অঃ অঃ অঃ |
| ং | ং | ং ং ং ং ং ং ং |
| ঃ | ঃ | ঃ ঃ ঃ ঃ ঃ ঃ ঃ |

## ✻ ঘরের মধ্যে থেকে অনুস্বার (ং) ও বিসর্গ (ঃ) চিহ্ন বাম হাতের প্রথম অক্ষরের পরে লাগিয়ে ডান হাতের ফাঁকা জায়গায় লেখো ও পড়ো।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অ....শ | ং | | দু....খী | ঃ | |
| স....ঘ | ং | | দু....সহ | ঃ | |
| দ....শন | ং | | নি....শেষ | ঃ | |

## ✻ আঁকো ও পড়ো।



অংশ দংশন

অধঃ নিঃশেষ



**পাঠন পরামর্শ :** উপরের বর্ণ সমূহের প্রতিটি বর্ণ তীর চিহ্ন দিয়ে দেখানো দিক অনুসারে লেখার যথেষ্ট অনুশীলন করবেন। মাটিতে অক্ষরটি লিখে বিচি, পাথর, মণি ইত্যাদি দিয়ে অক্ষরের আকার তৈরী করতে বলবেন।

* আঁকো লেখো ও পড়ো।

| | | |
|---|---|---|
| ঢ | ঢ | ঢ ঢ ঢ ঢ ঢ ঢ ঢ |
| ড | ড | ড ড ড ড ড ড ড |
| ঢ় | ঢ় | ঢ় ঢ় ঢ় ঢ় ঢ় ঢ় ঢ় |
| ড় | ড় | ড় ড় ড় ড় ড় ড় ড় |

* পড়ো ও বোঝো এবং শব্দসমূহে আসা ছেলে মেয়েদের নাম লেখো।

চপলা, মহেশ, সোনালী, রমা, বিশাল, রাকেশ
অভিলাষ, রিয়া, অনুজ, সবিতা, মৌমিতা, সুদীপ

- ছেলে -



- মেয়ে -



* পড়ো।








এসো বর্ণ চিনি :

# ২৪. বর্ণমালা

     

অ আ ই ঈ উ ঊ

     ং ঃ

ঋ এ ঐ ও ঔ অং অঃ



স্বরচিহ্ন :

অ

আমার কোন চিহ্ন নেই।

| | | |
|---|---|---|
| আ া | ই ি | ঈ ী |
| উ ু | ঊ ূ | ঋ ৃ |
| এ ে | ঐ ৈ | ও ো |
| ঔ ৌ | অং ং | অঃ ঃ |



**পাঠন পরামর্শ :** স্বরবর্ণ ও স্বরচিহ্ন আলাদা-আলাদা ভাবে লিখে তার উচ্চারণের অনুশীলন করাবেন । শব্দে স্বরচিহ্ন ব্যবহার করে শব্দের উচ্চারণ করাবেন।



## দেখো ও পড়ো :



- ধারাবাহিক ভাবে ব্যঞ্জনবর্ণ লেখো :

    

| | | | | |
|---|---|---|---|---|
| ক | | | | ঙ |

    

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ঝ | |

    

| | | | | |
|---|---|---|---|---|
| | | ড | | |

    

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ন |

    

| | | | | |
|---|---|---|---|---|
| | ফ | | | |

    

| | | | | |
|---|---|---|---|---|
| য | | | শ | |

    

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক্ষ | ড় | |

 

| | | | | |
|---|---|---|---|---|
| | ৎ | | | ঁ |

স্বরচিহ্ন ও বানান :

## ২৫. বানান

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অ | আ | ই | ঈ | উ | ঊ | ঋ | এ | ঐ | ও | ঔ | অং | অঃ |
| | া | ি | ী | ু | ূ | ৃ | ে | ৈ | ো | ৌ | ং | ঃ |
| ক | কা | কি | কী | কু | কূ | কৃ | কে | কৈ | কো | কৌ | কং | কঃ |
| খ | খা | খি | খী | খু | খূ | খৃ | খে | খৈ | খো | খৌ | খং | খঃ |
| গ | গা | গি | গী | গু | গূ | গৃ | গে | গৈ | গো | গৌ | গং | গঃ |
| ঘ | ঘা | ঘি | ঘী | ঘু | ঘূ | ঘৃ | ঘে | ঘৈ | ঘো | ঘৌ | ঘং | ঘঃ |
| চ | চা | চি | চী | চু | চূ | চৃ | চে | চৈ | চো | চৌ | চং | চঃ |
| ছ | ছা | ছি | ছী | ছু | ছূ | ছৃ | ছে | ছৈ | ছো | ছৌ | ছং | ছঃ |
| জ | জা | জি | জী | জু | জূ | জৃ | জে | জৈ | জো | জৌ | জং | জঃ |
| ঝ | ঝা | ঝি | ঝী | ঝু | ঝূ | ঝৃ | ঝে | ঝৈ | ঝো | ঝৌ | ঝং | ঝঃ |
| ট | টা | টি | টী | টু | টূ | টৃ | টে | টৈ | টো | টৌ | টং | টঃ |
| ঠ | ঠা | ঠি | ঠী | ঠু | ঠূ | ঠৃ | ঠে | ঠৈ | ঠো | ঠৌ | ঠং | ঠঃ |
| ড | ডা | ডি | ডী | ডু | ডূ | ডৃ | ডে | ডৈ | ডো | ডৌ | ডং | ডঃ |
| ঢ | ঢা | ঢি | ঢী | ঢু | ঢূ | ঢৃ | ঢে | ঢৈ | ঢো | ঢৌ | ঢং | ঢঃ |
| ণ | ণা | ণি | ণী | ণু | ণূ | ণৃ | ণে | ণৈ | ণো | ণৌ | ণং | ণঃ |
| ত | তা | তি | তী | তু | তূ | তৃ | তে | তৈ | তো | তৌ | তং | তঃ |
| থ | থা | থি | থী | থু | থূ | থৃ | থে | থৈ | থো | থৌ | থং | থঃ |
| দ | দা | দি | দী | দু | দূ | দৃ | দে | দৈ | দো | দৌ | দং | দঃ |

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীরা যেন বর্ণমালা ও স্বরচিহ্ন ব্যবহার করে শব্দ লিখতে পারে - তার অনুশীলন করাবেন এবং নিজের লেখা শব্দ দিয়ে বাক্য গঠন করার জন্য প্রেরিত করবেন।

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ধ | ধা | ধি | ধী | ধু | ধূ | ধৃ | ধে | ধৈ | ধো | ধৌ | ধং | ধঃ |
| ন | না | নি | নী | নু | নূ | নৃ | নে | নৈ | নো | নৌ | নং | নঃ |
| প | পা | পি | পী | পু | পূ | পৃ | পে | পৈ | পো | পৌ | পং | পঃ |
| ফ | ফা | ফি | ফী | ফু | ফূ | ফৃ | ফে | ফৈ | ফো | ফৌ | ফং | ফঃ |
| ব | বা | বি | বী | বু | বূ | বৃ | বে | বৈ | বো | বৌ | বং | বঃ |
| ভ | ভা | ভি | ভী | ভু | ভূ | ভৃ | ভে | ভৈ | ভো | ভৌ | ভং | ভঃ |
| ম | মা | মি | মী | মু | মূ | মৃ | মে | মৈ | মো | মৌ | মং | মঃ |
| য | যা | যি | যী | যু | যূ | যৃ | যে | যৈ | যো | যৌ | যং | যঃ |
| র | রা | রি | রী | রু | রূ | রৃ | রে | রৈ | রো | রৌ | রং | রঃ |
| ল | লা | লি | লী | লু | লূ | লৃ | লে | লৈ | লো | লৌ | লং | লঃ |
| শ | শা | শি | শী | শু | শূ | শৃ | শে | শৈ | শো | শৌ | শং | শঃ |
| ষ | ষা | ষি | ষী | ষু | ষূ | ষৃ | ষে | ষৈ | ষো | ষৌ | ষং | ষঃ |
| স | সা | সি | সী | সু | সূ | সৃ | সে | সৈ | সো | সৌ | সং | সঃ |
| হ | হা | হি | হী | হু | হূ | হৃ | হে | হৈ | হো | হৌ | হং | হঃ |
| ক্ষ | ক্ষা | ক্ষি | ক্ষী | ক্ষু | ক্ষূ | ক্ষৃ | ক্ষে | ক্ষৈ | ক্ষো | ক্ষৌ | ক্ষং | ক্ষঃ |
| ড় | ড়া | ড়ি | ড়ী | ড়ু | ড়ূ | ড়ৃ | ড়ে | ড়ৈ | ড়ো | ড়ৌ | ড়ং | ড়ঃ |
| ঢ় | ঢ়া | ঢ়ি | ঢ়ী | ঢ়ু | ঢ়ূ | ঢ়ৃ | ঢ়ে | ঢ়ৈ | ঢ়ো | ঢ়ৌ | ঢ়ং | ঢ়ঃ |
| য় | য়া | য়ি | য়ী | য়ু | য়ূ | য়ৃ | য়ে | য়ৈ | য়ো | য়ৌ | য়ং | য়ঃ |

# ২৬. উল্টো



**পড়ো ও বোঝো :**



| | | | |
|---|---|---|---|
|  ছোট |  বড়ো |  ঘুমানো |  জাগা |
|  উপরে |  নীচে |  রাত |  দিন |
|  ভেজা |  শুকনো |  উল্টো |  পাল্টা |
|  মোটা |  সরু |  ঠাণ্ডা |  গরম |

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের আরও কিছু শব্দের অনুশীলন করাবেন। এই ছবির দ্বারা বাক্যপট্টি তৈরী করে তার বর্ণনা করার অনুশীলন করাবেন।

শোনো ও বলো :

# ২৭. হনহন পনপন

সুকুমার রায়

চলে হনহন
ছোটে পনপন
ঘোরে বনবন
কাজে ঠনঠন
বায়ু শনশন
শীতে কনকন
কাশি খনখন
ফোঁড়া টনটন
মাছি ভনভন
থালা ঝনঝন



নিজে করো।

১. নীচে দেওয়া শব্দ নিয়ে কবিতার শূণ্যস্থান পূর্ণ করো।

**(টাপুর-টুপুর, ঘন্টা, শব্দ, গড়-গড়)**

.................................... বৃষ্টি নামে,
ঝম ঝম করে .................................... জমে।
ঠং ঠং করে বাজে .................................... ,
.................................... শুনে কাপে মনটা।

২. কবিতা থেকে যুগ্ম শব্দ বেছে লেখো। **যেমন : হনহন**

অ) ....................    আ) ....................

ই) ....................    ঈ) ....................

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের কবিতাটি ভাবভঙ্গি, ছন্দ ও তালে সুরে আবৃত্তি করে শোনাবেন। দলগত ভাবে কবিতার লাইন অনুসরণ করাবেন। ব্যক্তিগত ভাবে আবৃত্তি করার সুযোগ দেবেন। শিক্ষার্থীর জানা শব্দ দিয়ে ছোট কবিতা তৈরী করার অনুশীলন করাবেন।

# পুনরাবৃত্তি - ৩

## পড়ো :

| | | | |
|---|---|---|---|
| কলম | চিত্র | মাটি | দুঃখ |
| খাতা | বিন্দু | মুঠো | ঘন্টা |
| ধাতু | কাগজ | কৌরব | মিলেমিশে |
| সমূহ | আকৃতি | বৈকাল | এবং |

## শোনো ও লেখো :

১) ........................ ২) ........................

৩) ........................ ৪) ........................

৫) ........................ ৬) ........................

৭) ........................ ৮) ........................

## ছবি দেখো ও কৃতি পূর্ণ করো :




## সূচনা তৈরী করো :

যেমন - খাবার ফেলবেনা।

১) ........................ ২) ........................

৩) ........................ ৪) ........................

## শব্দ খোঁজ করে লেখো :

| | | | |
|---|---|---|---|
| ফু | ল | খু | বা |
| দু | ই | কু | ছু |
| ডু | পু | কু | র |
| মু | তু | মা | জু |
| র | ল | র | তা |

ফুল ........................ ........................

........................ ........................

........................ ........................

........................ ........................

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের তিন-চারটি বর্ণমালা ও স্বরচিহ্নযুক্ত শব্দের শ্রুত লেখন করাবেন এবং ছোট-ছোট বাক্য গঠন করতে প্রেরিত করবেন।

পূর্বানুভব - বোঝো ও বলো :

# আমাদের বন্দনীয়

















**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবিটি পর্যবেক্ষণ করতে বলবেন। ছবিটিতে কে কী করছে, জিজ্ঞাসা করবেন। যারা আমাদের দেশের সেবা করছে তাদের প্রতি আমাদের আচরণ কেমন থাকা উচিৎ, এ ধরণের প্রশ্ন তুলে চর্চা করবেন।

দেখো, বোঝো ও বলো :

# ২৮. হাট






**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের ছবি পর্যবেক্ষণ করতে দেবেন। হাট থেকে আমরা কী-কী জিনিস কিনি তা বলার সুযোগ দেবেন। ছবিটি লক্ষ্য করে নিজের ভাষায় গল্প বলার জন্য প্রেরিত করবেন। সাপ্তাহিক বাজারে দেখা বিভিন্ন বস্তুর বিষয়ে আলোচনা করবেন।

শোনো ও বলো :

# ২৯. রথের মেলা

প্রমথনাথ রায়চৌধুরী

আমায় কিন্তু জাগিয়ে দিও,
কালকে সকাল বেলা!
কালকে বড়ো মজার দিন,
কালকে রথের মেলা।
এতে যেন গোলটি না হয়,
দেখো কোন মতে,
কালকে যাবো রথে মাগো,
কালকে যাবো রথে।
গুরুমশাই নিয়ে যাবেন,
রথের মস্ত মেলায়,
কালকে কেবল কাটবে দিন,
হাসি-খুশি খেলায়।
জাগিয়ে দিও ভোরে,
যখন বাজবে নহবতে,
কালকে যাবো রথে মাগো,
কালকে যাবো রথে!





**পাঠন পরামর্শ :** শিক্ষক কবিতাটি ভাবভঙ্গি ছন্দ ও তালে সুরে আবৃত্তি করে শোনাবেন। দলগত ভাবে কবিতার লাইন অনুসরণ করাবেন। ব্যক্তিগত ভাবে আবৃত্তি করার সুযোগ দেবেন। মোবাইল, ইন্টারনেট কিংবা উপলব্ধ ডিজিটাল উপকরণ প্রয়োজন মত ব্যবহার করাবেন। শিক্ষার্থীদের মিলযুক্ত শব্দ খোঁজার অনুশীলন করাবেন, মিলযুক্ত শব্দ দিয়ে ছোট কবিতা লেখার জন্য প্রেরিত করবেন।

## অভ্যাস

১. কৃতি পূর্ণ করো।

খেলনার নাম

.................................... ....................................

২. মেলায় আমরা কী-কী দেখতে পাই তার পাশের ছকে (✓) চিহ্ন দাও।




**বলো তো দেখি :**






সময় কতো হলো ?

পাতার রঙ কী ?





তেতুলের স্বাদ কী ?

আমি যদি শেষে থাকি তুমি উত্তর দেবে কি ?

পাঠন পরামর্শ : শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে কৃতি সম্পূর্ণ করাবেন। প্রশ্ন চিহ্ন কখন, কোথায় ব্যবহার করা হয় চর্চার মাধ্যমে বুঝাবেন।



# ৩০. শুভেচ্ছা কার্ড



## নববর্ষের শুভেচ্ছা কার্ড

প্রিয় - বন্ধু / বান্ধবী,

...............

শুভ নববর্ষ : ...............

নতুন বছরে তোমার জীবন আনন্দ, ভালোবাসা ও সুখে ভরে উঠুক। এটাই কামনা করি।

শুভ কামনায়

তোমার বন্ধু/বান্ধবী

.......................





## জন্মদিনের শুভেচ্ছা কার্ড

..............................

..............................

.......................................................

.......................................................

.......................................................

..........................



**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীকে তার পছন্দমত ডিজাইন ও রঙ করার সুযোগ দেবেন। নববর্ষের কার্ডের ডিজাইন অনুযায়ী প্রতিটি শিক্ষার্থীর কাছ থেকে কার্ড তৈরী করে নেবেন। এ ধরণের অন্য কার্ড শিক্ষার্থীদের তৈরী করার সুযোগ দেবেন।

# ৩১. আমার পরিচয়

আমার নাম

..................................................

..................................................

..................................................

আমার বয়স

....................

....................

আমার জন্মদিন

....................

....................

আমার গ্রাম

....................................

....................................

আমি হতে চাই

....................................

....................................

আমার বন্ধু

..................................................

..................................................

..................................................

..................................................

আমার পছন্দ

..................................................

..................................................

আমার প্রিয় বই

..................................................

..................................................

আমার প্রিয়

রঙ

....................

....................

পাখী

....................

....................

খেলা

....................

....................

প্রাণী

....................

....................

# ৩২. যুক্তবর্ণ



দেখো, বোঝো ও কৃতি পূর্ণ করো।



## য - ফলা

ব + য = ব্য — ব্যথা ব্য ........ | ........ ব্য ........

ন + য = ন্য — ........ ন্য জন্য | ........ ন্য ........

ত + য = ত্য — ........ ত্য ........ | ........ ত্য নিত্য

ষ + য = ষ্য — ........ ষ্য ........ | শষ্য ষ্য ........



## ব - ফলা

হ + ব → হ্ব → জিহ্বা

শ + ব → শ্ব → অশ্ব

ত + ব → ত্ব → ত্বক

ধ + ব → ধ্ব → ধ্বনি

**পাঠন পরামর্শ :** অক্ষর ও তার ফলা চিহ্ন - এর পরিচয় করাবেন। অক্ষর ও ফলা যুক্ত করার পর যে যুক্তবর্ণ তৈরী হয় তার বারবার অনুশীলন করাবেন। ওই ধরণের অন্য ফলাযুক্ত শব্দ বই থেকে খুঁজতে বলবেন। যুক্তবর্ণ শেখার জন্য শিক্ষার্থীদের যথেষ্ঠ সময় দেবেন। অন্য যুক্তবর্ণের ও অনুশীলন করাবেন।

## দেখো, বোঝো ও পড়ো:

### 'ম' যুক্ত শব্দ




'ম' যুক্ত শব্দ

আত্মা
মহাত্মা

গ্রীষ্ম
ভষ্ম
উষ্ম

গুল্ম
বাল্মীকি

সম্মান
সম্মতি
ধন্ম

স্মরণ
স্মৃতি
স্মারক

### 'র' ফলা

ক + র = ক্র → বক্র, ক্রম

গ + র = গ্র → গ্রাম, অগ্র

প + র = প্র → প্রাণ, বিপ্র

দ + র = দ্র → ভদ্র, দ্রুত

### 'ণ' ফলা

ণ + ণ = ণ্ণ — বিষণ্ণ, ষণ্ণবতি

ষ + ণ = ষ্ণ — কৃষ্ণ, তৃষ্ণা, সহিষ্ণু

হ + ণ = হ্ণ — পরাহ্ণ, অপরাহ্ণ

**পাঠন পরামর্শ :** অক্ষর ও তার ফলা চিহ্ন-এর পরিচয় করাবেন। অক্ষর ও ফলা যুক্ত করার পর যে যুক্তবর্ণ তৈরী হয় তার বারবার অনুশীলন করাবেন। ওই ধরণের অন্য ফলাযুক্ত শব্দ বই থেকে খুঁজতে বলবেন। যুক্তবর্ণ শেখার জন্য শিক্ষার্থীদের যথেষ্ঠ সময় দেবেন। অন্য যুক্তবর্ণেরও অনুশীলন করাবেন।

পড়ো ও শেখো :

# ৩৩. ভিন্নতা

| | | | |
|---|---|---|---|
|  |  |  |  |
| অজ | অজা | ছেলে | মেয়ে |
|  |  |  |  |
| হাতী | মাদি হাতী | পুরুষ | স্ত্রী |
|  |  |  |  |
| ময়ূর | ময়ূরী | মোরগ | মুরগি |

শোনো ও পড়ো :



গাড়ি-গাড়ি-গাড়ি-
চড়ে যাই বাড়ি,
সবার শেষে-
আমার বাড়ি,
আমার নাম দাড়ি।



**শোনো ও বোঝো :**

# ৩৪. মিনার দিনলিপি



প্রতিদিন মিনা ও তার ছোট ভাই দীপু খুব ভোরে ঘুম থেকে ওঠে। তারা তাদের বিছানাটা গুছিয়ে রাখে।

মিনা ও তার ভাই প্রতিদিন সকালের কাজ সেরে পাঠশালায় যাওয়ার জন্য তৈরী হয়।



পাঠশালায় যাওয়ার সময় মিনা তার মা বাবাকে প্রণাম করে।

তারপর তারা পাঠশালায় যায়।

পাঠশালার পথে তারা বীণাকেও ডেকে নেয়। তারা একে-অপরকে সুপ্রভাত বলে ও হাসতে-খেলতে পাঠশালায় যায়। পাঠশালার প্রার্থনার পর মিনা ও দীপু তাদের ক্লাসে যায়। যখনই শিক্ষিকা ক্লাসে আসেন, সমস্ত শিশুরা দাঁড়িয়ে তাঁকে নমস্কার করে। শিক্ষিকাও হেসে সকলকে নমস্কার করেন।



মিনা পাঠশালায় মনোযোগ সহকারে পড়া-শোনা করে। সে তার বন্ধুদের সাথে খেলা করে। ঘরে ফেরার পর তারা হাত মুখ ধুয়ে নেয়।

তারপর তারা পাঠশালার সব কথা তার পরিবারকে জানায়। মিনা তার আদরের ছোট ভাইয়ের সাথে খেলা করে। রাতে পড়ো-শোনা করে খাবার খায়। তারপর ঠাকুরমা দুজনকে গান ও গল্প শুনিয়ে ঘুম পাড়িয়ে দেয়।

**পাঠন পরামর্শ :** মিনার দিনলিপি সম্পর্কে আলোচনা করবেন। শিক্ষার্থীদের তার ব্যক্তিগত দিনলিপি সম্পর্কে অনানুষ্ঠানিক ভাবে চর্চা করবেন এবং তাদের দিনলিপির কাঠামো তৈরী করতে সাহায্য করবেন।

## অভ্যাস

### ১. শোনো ও বলো।



অ) মিনা সকাল বেলায় বন্ধুর সাথে দেখা হলে কি বলে ?

আ) রাতে ঘুমানোর পূর্বে ঠাকুরমা মিনাকে কি শোনান ?

ই) তোমরা বড়োদেরকে কি বলে অভিবাদন করবে ?

ঈ) রাস্তায় তোমার পরিচিত কারো সাথে দেখা হলে কি বলবে ?

### ২. ফাঁকা জায়গায় সঠিক শব্দ লেখো :



অ) মিনা খুব .................... ঘুম থেকে ওঠে।

আ) প্রার্থনার পর মিনা তার .................... যায়।

ই) শিক্ষিকাও হেসে সকলকে .................... করেন।

ঈ) রাতে মিনার .................... ঘুম পায়।



### ৩. শোনো ও লেখো :

১) ............ ২) ............ ৩) ............ ৪) ............

৫) ............ ৬) ............ ৭) ............ ৮) ............



### ৪. নীচের শব্দ দিয়ে ছোট-ছোট বাক্য বানাও।

যেমন : বল - আমার নীল বল।

* বাবা - ....................
* কাপড় - ....................
* খেলা - ....................

**পাঠন পরামর্শ :** শিক্ষার্থীদের তিন-চারটি বর্ণমালা ও স্বরচিহ্নযুক্ত শব্দের শ্রুতি লেখন করাবেন এবং ছোট-ছোট বাক্য গঠন করতে প্রেরিত করবেন।

পড়ো, বোঝো ও বলো :

# ৩৫. আমি কে?



✻ আমার মাঝে আছো তুমি
তোমার মাঝে নাই,
আমাদের মাঝে আছো তুমি
বাবার মাঝে নাই।

✻ জলের জন্তু নয়-
তবু জলে দিবস কাটে।
হাত নেই - পা নেই,
তবু সাঁতার কাটে !

✻ বাঘের মতো লাফ দেয়,
কুকুর হয়ে বসে,
জলের মাঝে ছেড়ে দিলে
সোলা হয়ে ভাসে।

✻ হাত আছে পা নেই,
মাথা তার কাটা
আস্ত মানুষ গিলে খায়
বুক তার ফাটা।

✻ গাছের ওপর ফল
ফলের ওপর গাছ
কে আমি বলো
না ভেবে আগ-পাছ।

**পাঠন পরামর্শ :** ধাঁধা শুনে আমি কে, ছবি দেখে আন্দাজ করতে বলবেন। এমন অন্য ধাঁধার বই সংগ্রহ করে পড়ার জন্য প্রেরিত করবেন।

শোনো ও পড়ো :

# ৩৬. আমাদের দেশ



আমাদের দেশ ভারত। এই দেশ অনেক বড়ো। দেশের উত্তরে আছে হিমালয়। পূর্বে আছে বঙ্গোপ সাগর। পশ্চিমে আরব সাগর, দেশে অনেক নদী আছে। যেমন গঙ্গা, যমুনা, ব্রহ্মপুত্র। আরও আছে নর্মদা, গোদাবরী। তেমনি আছে পাহাড় ও পর্বত।

দেশে অনেক রাজ্য আছে। আমাদের রাজ্যের নাম মহারাষ্ট্র। মারাঠি হল রাজ্য ভাষা।

ময়ূর আমাদের জাতীয় পাখি। পদ্ম জাতীয় ফুল। বাঘ জাতীয় পশু। জাতীয় বৃক্ষ বট। হকি জাতীয় খেলা। আর হিন্দি জাতীয় ভাষা।





দেশের ভাষাও ভিন্ন-ভিন্ন। কেউ বাঙ্গালি, কেউ মারাঠি। আবার কেউ পাঞ্জাবি, কেউ বিহারি। আরও আছে ভিন্ন ধর্ম। কেউ হিন্দু, কেউ মুসলমান। কেউ বৌদ্ধ, কেউ জৈন। এছাড়াও অন্য ধর্ম আছে। সবাই আমরা দেশকে ভালোবাসি।





জাতীয় পতাকায় তিনটি রঙ। গেরুয়া, সাদা আর সবুজ। সাদা অংশে চক্র আছে। চক্রে ২৪ টি রেখা আছে।





জাতীয় প্রতীক অশোক স্তম্ভ। জনগণ মন... আমাদের জাতীয় সঙ্গীত।

## অভ্যাস



**১. নিজে করো।**

আমাদের জাতীয়

বৃক্ষ ..................................

ফুল ..................................

পশু ..................................

পতাকা ..................................

**পাঠন পরামর্শ :** ডিজিটাল উপকরণ ব্যবহার করে ভারত দেশের মানচিত্র, পতাকা ও প্রতীক চিহ্ন, জাতীয় পশু, ফুল, ফল ইত্যাদির বিষয় অনলাইন, অফলাইন বৈকল্পিক প্রশ্নের প্রতিযোগিতা আয়োজন করবেন। আমাদের রাজ্যের এবং দেশের সম্পর্কে তথ্য পাওয়া যায় এমন বই পড়ার জন্য প্রেরিত করবেন।

## ২. জোড়া মেলাও।



| ভাষা |
| --- |
| মারাঠি |
| গুজরাতি |
| তেলগু |
| উড়িয়া |
| আসমিয়া |
| পাঞ্জাবি |

| রাজ্য |
| --- |
| পাঞ্জাব |
| মহারাষ্ট্র |
| আসাম |
| গুজরাত |
| তেলঙ্গনা |
| ওড়িসা |



## ৩. ফাঁকা জায়গায় সঠিক শব্দ লেখো।

অ) ............ আমাদের দেশ।

আ) আমাদের রাজ্যের নাম ............ ।

ই) আমাদের জাতীয় পতাকায় ............ রঙ আছে।

## ৪. এক কথায় উত্তর বলো।

অ) ভারতবর্ষের উত্তরে কোন পর্বত অবস্থিত?

আ) আমাদের রাজ্যের নাম বলো।

ই) আমাদের জাতীয় প্রতীক কী ?

ঈ) আমাদের জাতীয় খেলা কোনটি?

## ৫. ছবি দেখো ও ছবিটির সম্পর্কে তিন-চারটি বাক্য লেখো।



## পড়ো ও শেখো :

# ৩৭. সমান

| | |
|---|---|
| আকাশ  গগন | গাছ  বৃক্ষ |
| পক্ষী  পাখি | ফুল  পুষ্প |
| দরজা  দুয়ার | হার  মালা |
| চাকা  চক্র | পা  চরণ |

✻ প্রত্যেক ছক থেকে শব্দ বেছে নিয়ে অর্থপূর্ণ বাক্য তৈরী করে লেখো।

| | | | |
|---|---|---|---|
| মিনা আকাশ | আম কলম | খাও দাও | |
| মোহন | বই মাঠে | নেও খেলে | । |
| মামা পূজা | সরবত খাকর | খায় থায় | |

যেমন : মোহন বই দাও।

দেখো ও বলো :

# ৩৮. ছুটি

রবীন্দ্রনাথ ঠাকুর



মেঘের কোলে রোদ হেসেছে
বাদল গেছে টুটি,
আজ আমাদের ছুটি, ও ভাই,
আজ আমাদের ছুটি।

কী করি আজ ভেবে না পাই,
পথ হারিয়ে কোন বনে যাই,
কোন মাঠে যে ছুটে বেড়াই,
সকল ছেলে জুটি।

আজ আমাদের ছুটি, ও ভাই,
আজ আমাদের ছুটি।



**চর্চা করো :**

- ছুটির দিনে তুমি কি করবে?
- মেঘের কোলে কে হেসেছে?
- বনে কি-কি থাকে?

**পাঠন পরামর্শ :** শিক্ষক কবিতাটি ভাবভঙ্গি ও ছন্দ ও তালেসুরে আবৃত্তি করে শোনাবেন। দলগত ভাবে কবিতার লাইন অনুসরণ করাবেন। ব্যক্তিগত ভাবে আবৃত্তি করার সুযোগ দেবেন। মোবাইল, ইন্টারনেট উপলব্ধ ডিজিটাল উপকরণ প্রয়োজনমত ব্যবহার করবেন।

## নিজে করো। 



১. নীচের শব্দগুলির সঠিক অর্থ লেখো :

অ) মেঘ = ________ আ) রাস্তা = ________

ই) জঙ্গল = ________ ঈ) সবাই = ________



২. নীচের শব্দগুলির বাক্য তৈরী করো :

অ) পথ - ________

আ) মাঠ - ________

ই) মেঘ - ________

ঈ) রোদ - ________



৩. এলোমেলো বর্ণ সাজিয়ে সঠিক শব্দ গঠন করো :

অ) দ বা ল - ________ আ) দ রো - ________

ই) ঘ মে - ________ ঈ) ল ক ম - ________



৪. সঠিক শব্দ বেছে নিয়ে শূন্যস্থান পূরণ করো :

(জুটি, বাদল, রোদ, ছুটি)

অ) মেঘের কোলে ________ হেসেছে।

আ) ________ গেছে টুটি ।

ই) সকল ছেলে ________ ।

ঈ) আজ আমাদের ________ ।

# পুনরাবৃত্তি - ৪

✻ পড়ো।

সততা কথার অর্থ কি ? সততার লক্ষণ কি ? সততা একটি মহান গুণ। সত্য কথা বলা এবং ভালো কাজ করা সততার লক্ষণ। সৎ মানুষ সবাইকে ভালোবাসে এবং সবার সম্মান পায়। জীবনে সফল হতে হলে সততার কোনো বিকল্প নেই। মিথ্যা বলা ও অসৎ কাজ করলে কেউ আমাদের বিশ্বাস করবে না। তাই ছোটবেলা থেকেই আমাদের সততার চর্চা করা উচিৎ।

✻ একটি ছোট ছড়া/কবিতা তৈরী করো।

............................................ ............................................

............................................ ............................................

............................................ ............................................

............................................ ............................................

✻ সহপাঠীদের জন্য একটি সূচনা তৈরী করো।

............................................ ............................................

............................................ ............................................

✻ নীচে কিছু খাবারের নাম লেখো।

- ভেজে খাওয়া :

........................................................................................

........................................................................................

- ফুটিয়ে খাওয়া :

........................................................................................

........................................................................................

- কাঁচা খাওয়া :

........................................................................................

........................................................................................

পাঠন পরামর্শ : পরিচ্ছেদটি সরব পঠন করাবেন। পরিচ্ছেদে আসা যতিচিহ্নগুলি চিহ্নিত করতে বলবেন।

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা,

যদি কেউ তোমাকে অনুচিত ভাবে ছোঁয় অথবা স্পর্শ করে যাতে তুমি অস্বস্তিকর বা খারাপ অনুভব করো, তাহলে চুপ থেকো না। এমন পরিস্থিতিতে তোমার জন্য নীচের কথাগুলো জানা জরুরি। ...

১. নিজেকে দোষ দিও না।

২. যাদের ওপর তুমি বিশ্বাস করো, তাদেরকে এই ঘটনার কথা বলো।

৩. তুমি POCSO e-box/ পক্সো ই-বক্সের মাধ্যমে তোমার অধিকার রক্ষার জন্য জাতীয় শিশু অধিকার রক্ষা কমিশনে অভিযোগ জানাতে পারো।

যখন কেউ তোমাকে অনুচিত ভাবে স্পর্শ করে, তখন তোমার খারাপ লাগতে পারে। তোমার অস্বস্তি বা ভয় লাগতে পারে। তুমি নিজেকে অসহায় মনে করতে পারো কিন্তু খারাপ লাগার কোনো কারণ নেই যেহেতু এই গুরুত্বপূর্ণ ঘটনার জন্য তোমার কোনো দোষ নেই।




**POCSO e-box এটা NCPCR@gov.in এই ওয়েবসাইটে পাওয়া যাবে।**

যদি তোমার বয়স ১৮ বছরের কম হয় এবং তুমি কোনো কারণে নিরাপদ বোধ না করো অথবা এধরণের সমস্যাজড়িত ছেলে বা মেয়েকে জানো, তাহলে তুমি ১০৯৮ (দশ নয় আট) নম্বরে ফোন করতে পারো। এটা করলে তোমার এবং তোমার বন্ধুর জীবন আরও নিরাপদ হতে পারে।

CHILD LINE 1098 NIGHT & DAY

চাইল্ড লাইন - ১০৯৮ - : এই নম্বরটি ২৪ ঘন্টা খোলা থাকে এবং এটি একটি জাতীয় হেল্পলাইন নম্বর যা মহিলা এবং শিশু কল্যাণ মন্ত্রকের সহায়তায় পরিচালিত হয়।

এক উন্নত সমাজের দিকে।
Towards a new dawn

শিক্ষার্থীদের তাদের বয়স অনুযায়ী শারীরিক এবং মানসিকভাবে সঠিক স্পর্শ এবং ভুল স্পর্শ চেনার জন্য দিকনির্দেশনা করবেন।

# राज्यगीत

जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा ।।धृ।।

भिती न आम्हा तुझी मुळी ही गडगडणाऱ्या नभा
अस्मानाच्या सुलतानीला जबाब देती जिभा
सह्याद्रीचा सिंह गर्जतो शिव शंभू राजा
दरी दरीतून नाद गुंजला महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा ।।१।।

काळ्या छातीवरी कोरली, अभिमानाची लेणी
पोलादी मनगटे खेळती, खेळ जीवघेणी
दारिद्र्याच्या उन्हात शिजला
निढळाच्या घामाने भिजला
देश गौरवासाठी झिजला
दिल्लीचे ही तख्त राखितो, महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा, गर्जा महाराष्ट्र माझा
जय जय महाराष्ट्र माझा ।।२।।



মহারাষ্ট্র রাজ্য পাঠ্যপুস্তক নির্মিতী ও অভ্যাসক্রম সংশোধন মণ্ডল, পুণে-৪১১০০৪

बालभारती इयत्ता पहिली (बंगाली माध्यम)

₹ 61.00